# প্রেসিডেন্সি কলেজ

# প্রাসঙ্গিকী

১৭৯তম প্রতিষ্ঠাতৃ দিবস

২০শে জানুয়ারি ১৯৯৬

প্রেসিডেন্সি কলেজ

কলকাতা

# প্রেসিডেন্সি কলেজ প্রাসঙ্গিকী

১৭৯তম প্রতিষ্ঠাতৃ দিবস

২০শে জানুয়ারি ১৯৯৬

প্রেসিডেন্সি কলেজ
৮৬/১, কলেজ ষ্ট্রীট, কলিকাতা-৭০০ ০৭৩
দূরভাষ : ২৪১-২৭৩৮/১৯৬০

# প্রেসিডেন্সি কলেজ প্রাসঙ্গিকী

[ Annual report of the achievements and activities of different departments of the Presidency College, Calcutta for the year 1995 ]

প্রতিষ্ঠাতৃ দিবস উপলক্ষে প্রকাশিত
২০শে জানুয়ারি ১৯৯৬

প্রেসিডেন্সি কলেজের অধ্যক্ষ ডঃ অমল কুমার মুখোপাধ্যায় কর্তৃক প্রকাশিত

সংকলক-সম্পাদক : অধ্যাপক অরুণ কুমার ঘোষ

বিতরণের জন্য মুদ্রিত

মুদ্রক : লেজার টেকনিকো গ্রাফিক্স
১৩, বলরাম বোস ঘাট রোড,
কলিকাতা-৭০০ ০২৫

# প্রেসিডেন্সি কলেজ প্রাসঙ্গিকী
# ১৯৯৬

## বিষয় সূচী

প্রতিষ্ঠাতৃ দিবস

উল্লেখযোগ্য সংবাদ


| | | | |
|---|---|---|---|
| প্রতিষ্ঠাতৃ দিবস উদ্‌যাপন : ১৯৯৫ | ...... | ..... | ১ |
| বিদ্যুৎ-উপকেন্দ্রের উদ্বোধন ও নূতন ভবনের দ্বারোদঘাটন | | ..... | ২ |
| ডিরোজিও জন্মবার্ষিকী পালন, ১৯৯৫ | ...... | ..... | ২ |
| কবির মৃত্যুতে শ্রদ্ধার্ঘ | ...... | ..... | ৩ |
| স্বাধীনতা দিবস উদ্‌যাপন ১৯৯৫ | ...... | ..... | ৩ |
| ক্যাম্পাস ডাইভার্সিটি ইনিশিয়েটিভ্‌ | ...... | ..... | ৩ |
| প্রেসিডেন্সি কলেজ ছাত্র সংসদ : সংস্কৃতি-সংবাদ | ...... | ..... | ৪ |
| উন্নয়নমূলক ব্যবস্থা | ...... | ..... | ৫ |
| অস্থি-তহবিলের খবর | ...... | ..... | ৫ |
| সরকারি পুরস্কার ও বৃত্তি | ...... | ..... | ৬ |
| পরীক্ষার ফল | ...... | ..... | ৬ |
| কলেজের ছাত্রছাত্রী-সংখ্যা | ...... | ..... | ৭ |
| শোক-সংবাদ | ...... | ..... | ৭ |
| আসা-যাওয়ার সংবাদ | ...... | ..... | ৭ |

## বিভিন্ন বিভাগের সংবাদ


| | |
|---|---|
| অধ্যক্ষ ..... ...... | ৮ |
| অর্থনীতি ..... ...... | ৯ |
| ইংরেজি ..... ...... | ৯ |
| ইতিহাস ..... ...... | ১০ |
| উদ্ভিদবিদ্যা ..... ...... | ১২ |
| গণিত ..... ...... | ১২ |
| দর্শন ..... ...... | ১৩ |
| পদার্থবিদ্যা ..... ...... | ১৪ |
| প্রাণিবিদ্যা ..... ...... | ১৫ |
| বাংলা ..... ...... | ১৭ |
| ভূগোল ..... ...... | ১৯ |
| ভূতত্ত্ব ..... ...... | ২১ |
| রসায়ন ..... ...... | ২২ |
| রাশিবিজ্ঞান ..... ...... | ২৪ |
| রাষ্ট্রবিজ্ঞান ..... ...... | ২৫ |

শারীরবিদ্যা ...... ..... ২৫

সমাজতত্ত্ব ...... ..... ২৬

হিন্দী ...... ..... ২৭

গ্রন্থাগার ...... ..... ২৭

ক্রীড়া বিভাগ ...... ..... ২৮

ইডেন হিন্দু হোস্টেল ...... ..... ৩০

কলেজ অফিস ...... ..... ৩০

প্রেসিডেন্সি কলেজ-কর্মী সাংস্কৃতিক সংস্থা ...... ..... ৩০

পরিশিষ্ট ১ : অছি-তহবিলের তালিকা ৩১

পরিশিষ্ট ২ : পুরস্কারপ্রাপ্ত ছাত্রছাত্রীদের তালিকা ৩৩

পরিশিষ্ট ৩ : এক নজরে বিভিন্ন বিভাগের পরীক্ষার ফল ৪৩

পরিশিষ্ট ৪ : বিভিন্ন বিভাগে আয়োজিত বিবিধ গবেষণা-প্রকল্পের তালিকা ৪৫

পরিশিষ্ট ৫ : বিভিন্ন বিভাগে আয়োজিত আলোচনাচক্রের বিবরণ ৫০

পরিশিষ্ট ৬ : বিভিন্ন বিভাগে আগত গবেষক-অধ্যাপক ৫৪

পরিশিষ্ট ৭ : বিভিন্ন বিভাগের অধ্যাপকদের প্রকাশিত গ্রন্থ এবং গবেষণামূলক প্রবন্ধের তালিকা ৫৬

পরিশিষ্ট ৮ : প্রেসিডেন্সি কলেজের সকল শ্রেণীর কর্মীর নামের তালিকা ৭০

# প্রতিষ্ঠাতৃ দিবস

ভিতরের তাগিদেই পিছন ফিরে তাকাই আমরা। আমাদের এই মহাশিক্ষায়তনের সূচনালগ্নে প্রায়শই যে আমরা মনে মনে ফিরে যেতে চাই তার কারণ অন্তরে অন্তরে আমরা শিকড় সন্ধানের এক তীব্র তাগিদ অনুভব করি। ১৮১৭ খ্রীষ্টাব্দের ২০শে জানুয়ারি হিন্দু কলেজের প্রতিষ্ঠাক্ষণটির কথা স্বতঃই আমাদের স্মরণে আসে। তার ফলে বাংলা তথা ভারতের শিক্ষা, সংস্কৃতি ও সৃষ্টিসাধনার ইতিহাসে এক সুদূর তাৎপর্যগর্ভ অভিঘাতের সৃষ্টি হয়েছিল। হিন্দু কলেজের সিনিয়র সেক্‌শনই প্রেসিডেন্সি কলেজে পরিণত হল ১৯৫৫-য়। তাই আমরা গর্বিত হই এই সত্য উপলব্ধি করে যে হিন্দু কলেজের গৌরবময় ঐতিহ্যই আমাদের শিক্ষায়তনের মধ্যে প্রবাহিত। আর তাই আমরা হিন্দু কলেজের প্রতিষ্ঠা-দিবসকেই প্রেসিডেন্সি ক্‌লেজের প্রতিষ্ঠা-দিবসরূপে গণ্য করি। প্রতি বছর এই দিনটিতে আমরা পরম শ্রদ্ধার সঙ্গে সেই মান্য ব্যক্তিদের স্মরণ করি, যাঁদের নিষ্ঠা, অশ্রান্ত প্রচেষ্টা ও পরাদৃষ্টির ফলেই সম্ভব হয়েছে আমাদের এই মহাশিক্ষায়তনের প্রতিষ্ঠা, তার অস্তিত্ব হয়ে উঠতে পেরেছে তাৎপর্য-চিহ্নিত।

প্রতিষ্ঠার দিনটি থেকেই আমাদের এই মহাবিদ্যায়তন উদ্বুদ্ধ হয়েছে চরম উৎকর্ষের এক আদর্শে, নূতন জ্ঞানবিজ্ঞানের আলোকরশ্মি আহরণ ক'রে অগ্রসরণের দৃপ্ত প্রেরণা ও এক সর্বাত্মক কল্যাণবুদ্ধিতে। কখনও প্রত্যক্ষভাবে, কখনও পরোক্ষভাবে আমাদের এই শিক্ষায়তন তার শিক্ষকমণ্ডলী ও ছাত্রসমাজের মধ্য দিয়ে জাতীয় জীবনকে নূতন নূতন ভাব ও ভাবনায় ঋদ্ধ করেছে।

একটি স্বাধীন দেশ ও জাতির আকাঙ্ক্ষার যথার্থ ধারক ঐ দেশ ও জাতির পরাধীন অবস্থায় বিদেশী শাসকদের আরোপিত শিক্ষাপদ্ধতি কখনই হতে পারে না। পরিবর্তিত পরিস্থিতির সঙ্গে শিক্ষাকে সমঞ্জস করে তুলতে হলে পুরোনো শিক্ষাপ্রণালীকে ঢেলে সাজাতে হবে। কিন্তু এ ধরনের ব্যাপক কর্মকাণ্ড সরকারী প্রচেষ্টায় গৃহীত একটি সর্বাত্মক শিক্ষা-পরিকল্পনা ব্যতিরেকে কি করে সম্ভব? তাই আমাদের এই শিক্ষায়তনকে এক অনিবার্য সীমাবদ্ধতার মধ্যেই এগোতে হয়েছে। তবে এর মধ্যেই আমাদের শিক্ষায়তন যে উৎকর্ষের একটি সমুন্নত মান রক্ষা করতে পেরেছে তা স্পষ্ট হয়ে উঠবে যদি আমরা তার বিভিন্ন বিভাগের বিস্তারিত কার্যবিবরণী এবং পরীক্ষার ফল বিচার করি। তবে এক্ষেত্রে নিরঙ্কুশ আত্মতৃপ্তি সবসময়েই হানিকর। উপকারী এবং স্বাস্থ্যকর অকপট আত্মবিশ্লেষণ তথা নির্মোহ আত্মসমালোচনা। পরিতাপের বিষয় সুশিক্ষার সঙ্গে অবিচ্ছিন্ন যে সাংস্কৃতিক অভিব্যক্তি তা আমাদের এই অগ্রগণ্য শিক্ষায়তনেও বেশ কিছুকাল আগে থেকেই এক অবক্ষয়িত রুচি, নির্বিচার অনুকরণস্পৃহা, স্থূল, লঘু ও চটুলের প্রতি অদম্য আকর্ষণ এবং অন্তঃসারশূন্যতাকে বাহ্য চাকচিক্যে ঢেকে রাখার একই সঙ্গে করুণ ও হাস্যকর প্রয়াসে আচ্ছন্ন হয়ে গিয়েছে। তবে কিছুটা আশার কথা, একেবারে সম্প্রতি সুস্থতায় প্রত্যাবর্তনের কিছু কিছু আশাপ্রদ লক্ষণও ফুটে উঠছে।

# উল্লেখযোগ্য সংবাদ

## প্রতিষ্ঠাতৃ দিবস উদ্‌যাপন : ১৯৯৫

১৯৯৫-এর ২০শে জানুয়ারি ১৯৯৫ আমাদের মহাবিদ্যায়তনের ১৭৮তম প্রতিষ্ঠাতৃ দিবস উদ্‌যাপিত হয়। এই দিনের অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অবসরপ্রাপ্ত আই সি এস, ভারতবর্ষের জনগণনার ভূতপূর্ব

মহাধ্যক্ষ, চিত্রকলার বিদগ্ধ আলোচক শ্রীঅশোক মিত্র। প্রধান অতিথির আসনে বৃত হন প্রাক্তন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী শ্রীপ্রতাপচন্দ্র চন্দ্র। বিশেষ অতিথির মর্যাদায় ভূষিত হন, আমাদের শিক্ষায়তনের পরিচালকমণ্ডলীর সভাপতি, অবসরপ্রাপ্ত বিচারপতি শ্রীশিশিরকুমার মুখোপাধ্যায়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার কথা ছিল লোকসভার সদস্য, সুপরিচিত আইনজীবী, পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন পর্ষদের সভাপতি শ্রী সোমনাথ চট্টোপাধ্যায়। কিন্তু একটি বিশেষ কাজে তাঁকে অন্যত্র চলে যেতে হওয়ায় তাঁর অনুপস্থিতিতে আমাদের বিশেষ পরিচিত শ্রীপ্রতাপচন্দ্র চন্দ্রকে প্রধান অতিথির আসনে অধিষ্ঠিত করা হয়। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন অধ্যক্ষ ডঃ অমলকুমার মুখোপাধ্যায়। বার্ষিক প্রতিবেদন পাঠ করেন বাংলা বিভাগের প্রধান অধ্যাপক শ্রী অরুণকুমার ঘোষ। সভাপতি শ্রীঅশোক মিত্র পশ্চিমবঙ্গের সাম্প্রতিক শিল্পায়নের উদ্যোগ সম্বন্ধে স্মৃতিবাহিত অভিজ্ঞতার আশ্রয়ে ইংরেজি ভাষায় এক লিখিত অভিভাষণে কিছু জরুরী কথা উত্থাপন করেন। শ্রীঅশোক মিত্র, শ্রীপ্রতাপচন্দ্র চন্দ্র ও শ্রীশিশিরকুমার মুখোপাধ্যায়, তিনজনেই কৃতী ছাত্রছাত্রীদের পুরস্কার বিতরণ করেন। পুরস্কারপ্রাপকদের নাম ঘোষণা করেন কলেজের বারসার, রাশিবিজ্ঞান বিভাগের অধ্যাপক শ্রীবিশ্বনাথ দাস। অনুষ্ঠানের সূচনা ও পরিসমাপ্তি ঘটে, যথাক্রমে প্রেসিডেন্সি কলেজ কয়্যারের গাওয়া একটি রবীন্দ্রসঙ্গীত ও কলেজ-প্রশস্তি-সঙ্গীতে।

## বিদ্যুৎ-উপকেন্দ্রের উদ্বোধন ও নূতন ভবনের দ্বারোদঘাটন

১৯৯৫-এর ১৭ই এপ্রিল আমাদের কলেজে দুটি উল্লেখযোগ্য সংযোজন হল। ঐদিন বেলা ৩টের সময়ে বিপুল সংখ্যক ছাত্রছাত্রী, অধ্যাপক-অধ্যাপিকা ও অশিক্ষক কর্মচারীদের উপস্থিতিতে প্রথমে কলেজের বিদ্যুৎ-উপকেন্দ্রের উদ্বোধন করেন পশ্চিমবঙ্গ সরকারের পূর্তমন্ত্রী শ্রীক্ষিতি গোস্বামী। তারপরেই নেতাজী সুভাষচন্দ্র বসুর নামাঙ্কিত নূতন ভবনের দ্বারোদঘাটন করেন পশ্চিমবঙ্গ সরকারের উচ্চ শিক্ষামন্ত্রী অধ্যাপক সত্যসাধন চক্রবর্তী। উক্ত উদ্বোধন ও দ্বারোদঘাটন-সম্পর্কিত অনুষ্ঠানটি হয় ডিরোজিও হলে। এতে সভাপতিত্ব করেন অধ্যাপক সত্যসাধন চক্রবর্তী ও প্রধান অতিথি হিসেবে অধিষ্ঠিত হন শ্রীক্ষিতি গোস্বামী। প্রেসিডেন্সি কলেজ কয়্যার-কর্তৃক গীত উদ্বোধন সঙ্গীতের পর স্বাগত ভাষণ দেন অধ্যক্ষ ডঃ অমলকুমার মুখোপাধ্যায়। প্রধান অতিথি শ্রীক্ষিতি গোস্বামী ভারতীয় ও বঙ্গীয় শিক্ষাক্ষেত্রে প্রেসিডেন্সি কলেজের অনন্য স্থানটি নির্ধারণ করেন ও তার উন্নয়ন-পরিকল্পনায় সর্বপ্রকার সাহায্যের আশ্বাস দেন। অধ্যাপক সত্যসাধন চক্রবর্তী সভাপতির অভিভাষণে পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষাবিস্তারের আন্তরিক প্রয়াসের কথা বিবৃত করে প্রেসিডেন্সি কলেজের শিক্ষাব্যবস্থার সম্প্রসারণে সবরকমের সহায়তার প্রতিশ্রুতি দেন।

## ডিরোজিও জন্মবার্ষিকী পালন, ১৯৯৫

১৭ই এপ্রিল আমাদের কলেজের বিদ্যুৎ-উপকেন্দ্রের উদ্বোধন ও নেতাজী সুভাষ ভবনের দ্বারোদঘাটন-অনুষ্ঠানের পরেই শুরু হয় ডিরোজিও-র জন্মবার্ষিকী পালন অনুষ্ঠান। এই অনুষ্ঠানে প্রধান অতিথির মর্যাদায় ভূষিত হন, ইংরেজি ও বাংলা ভাষা ও সাহিত্যের প্রখ্যাত অধ্যাপক ডঃ রবীন্দ্রকুমার দাশগুপ্ত। সভাপতির আসন গ্রহণ করেন পশ্চিমবঙ্গ সরকারের উচ্চশিক্ষামন্ত্রী অধ্যাপক সত্যসাধন চক্রবর্তী। এই অনুষ্ঠানে উদ্বোধন সঙ্গীত পরিবেশন করেন ইংরেজি বিভাগের অধ্যাপক শ্রীপ্রদোষ ভট্টাচার্য। ছাত্রদের পক্ষ থেকে ডিরোজিওর প্রতি শ্রদ্ধা নিবেদন করে প্রথম বর্ষ ইতিহাস সাম্মানিকের ছাত্র বোরিয়া মজুমদার।

অশিক্ষক কর্মচারীদের পক্ষ থেকে একটি কবিতায় ডিরোজিও ও নেতাজী সুভাষচন্দ্র বসুর প্রতি একত্রে শ্রদ্ধা নিবেদন করেন আমাদের কলেজের কেয়ারটেকার শ্রীশ্যামলকুমার মুখোপাধ্যায়। শিক্ষকদের পক্ষ থেকে ডিরোজিও সম্বন্ধে সুচিন্তিত ভাষণ দেন অধ্যাপক দেবজ্যোতি দাশ। অতঃপর এক দীর্ঘ লিখিত ভাষণে ডিরোজিও চর্চার স্বল্পতার কারণ বিশ্লেষণ ও ডিরোজিওর অনন্য ভূমিকার গুরুত্ব প্রতিষ্ঠা করেন প্রধান অতিথি ও প্রধান বক্তা ডঃ রবীন্দ্রকুমার দাশগুপ্ত। সবশেষে সমাপ্তি-সঙ্গীত পরিবেশন করেন কলেজের রসায়ন বিভাগের অধ্যাপক শ্রী রমাপ্রসাদ চক্রবর্তী। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন ইতিহাস বিভাগের অধ্যাপক শ্রী অমিতকুমার মুখোপাধ্যায়।

## কবির মৃত্যুতে শ্রদ্ধার্ঘ

১৯৯৫-এর ২৭শে মার্চ আমাদের কলেজের মেন বিল্ডিং-এর ২২ নং ঘরে আমাদের কলেজের বাংলা বিভাগের প্রাক্তন ছাত্র কবি শক্তি চট্টোপাধ্যায়ের স্মরণসভা অনুষ্ঠিত হয়। আমাদের কলেজের টিচার্স কাউন্সিলের সেক্রেটারী অধ্যাপক অমিতকুমার মুখোপাধ্যায় অধ্যক্ষের অনুপস্থিতির কারণ ব্যাখ্যা ক'রে প্রারম্ভিক বিবৃতি দানের পর অধ্যক্ষের অনুপস্থিতিতে সভা পরিচালনার দায়িত্ব গ্রহণ করেন বাংলা বিভাগের প্রধান অধ্যাপক অরুণকুমার ঘোষ। প্রথমে কবি শক্তির স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করার জন্য সকলে দাঁড়িয়ে উঠে এক মিনিটের নীরবতা পালন করেন। ছাত্রদের পক্ষ থেকে কবি শক্তির স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করে বক্তৃতায় প্রথম বর্ষ সাম্মানিক হিন্দীর ছাত্র অভিজিৎ ভট্টাচার্য এবং স্বরচিত পদ্যে দ্বিতীয় বর্ষ সাম্মানিক বাংলার ছাত্র ঋত্বিক মল্লিক। শিক্ষকদের মধ্যে সর্বপ্রথম হিন্দী বিভাগের তদানীন্তন প্রধান সুব্রত লাহিড়ী স্মৃতিচারণ করেন। তারপর শক্তির দুটি কবিতা পাঠ করেন ইংরেজি বিভাগের অধ্যাপক অতীশরঞ্জন বন্দ্যোপাধ্যায়। শক্তির একটি কবিতা পাঠের পর কবির স্মৃতিচারণ করেন প্রেসিডেন্সি কলেজে সাম্মানিক বাংলা শ্রেণীতে তাঁর সহপাঠী অধ্যাপক দেবদাস জোয়ারদার। তারপর কবি শক্তির সৃষ্টির স্বাতন্ত্র্য সংক্ষেপে বিশ্লেষণ করেন সভা-পরিচালক অধ্যাপক অরুণকুমার ঘোষ। তিনি কবির চারটি কবিতা পাঠও করেন। পরিশেষে শোক-প্রস্তাবও পাঠ করেন তিনি।

## স্বাধীনতা দিবস উদ্‌যাপন ১৯৯৫

এ বছরও স্বাধীনতা দিবস উদ্‌যাপিত হয় কলেজ-মাঠে। প্রায় দুই শতাধিক ছাত্রছাত্রী, শিক্ষক, শিক্ষাকর্মীর উপস্থিতিতে অধ্যক্ষ জাতীয় পতাকা উত্তোলন করেন। সমবেত কণ্ঠে জাতীয় সঙ্গীত বন্দেমাতরম্ এবং জনগণমন গীত হয়। ছাত্র শ্রীসঞ্জয়কান্তির দেশাত্মবোধক সঙ্গীত, অধ্যাপক অশোককুমার মুখোপাধ্যায়, ছাত্র শ্রীমান নির্মল সাহা এবং অধ্যক্ষ অমলকুমার মুখোপাধ্যায়ের ভাষণ, কলেজের কেয়ারটেকার শ্রীশ্যামলকুমার মুখোপাধ্যায়ের কবিতাপাঠ ছিল এদিনের অন্যান্য আকর্ষণ। সবশেষে সামান্য জলযোগের ব্যবস্থা ছিল উপস্থিত সকলের জন্য।

## ক্যাম্পাস ডাইভার্সিটি ইনিশিয়েটিভ্

সমাজে ভাষা ধর্ম সম্প্রদায়, অঞ্চল প্রভৃতি নানা ধরনের বৈচিত্র্য ও বিভিন্নতার সহাবস্থানের প্রকৃতি সম্পর্কে স্নাতকস্তরের ছাত্রছাত্রীদের শিক্ষাদান এবং তার মধ্য দিয়ে তাদের ব্যক্তিত্ব গঠন আরো

সম্পূর্ণ এবং বর্ণময় করে তোলার উদ্দেশ্যে ফোর্ড ফাউন্ডেশানের অর্থানুকূল্যে আগামী দুবছর ধরে সারা দেশের যে ২৪টি কলেজে 'ক্যাম্পাস ডাইর্ভাসিটি ইনিশিয়েটিভ' নামের প্রকল্পটি রূপায়িত হবে, প্রেসিডেন্সি কলেজ তাদের অন্যতম। আমাদের কলেজে ভাষাগত বৈষম্য এবং গ্রাম-শহর বৈষম্য এই দুটি বিষয়কে ভিত্তি করে প্রকল্পটি রূপায়নের জন্য কলেজের শিক্ষক, ছাত্রছাত্রী এবং শিক্ষাকর্মী নিয়ে একটি কমিটি গঠিত হয়েছে। এছাড়া প্রতি বিভাগের ছাত্র প্রতিনিধি নিয়ে গঠিত হয়েছে একটি সংযোগরক্ষাকারী গোষ্ঠী। প্রকল্পটি রূপায়নের পদ্ধতি-প্রকরণের ওপর নয়াদিল্লীতে আয়োজিত ২৮-২৯ অগাষ্ট একটি সর্বভারতীয় কর্মশালায় কলেজের প্রতিনিধিত্ব করেন প্রকল্পের যুগ্ম অধিকর্তা ডঃ বিশ্বনাথ দাস।

৬ই নভেম্বর ডিরোজিও হলে প্রকল্পটির উদ্বোধন করেন রাজ্যের উচ্চশিক্ষা মন্ত্রী অধ্যাপক সত্যসাধন চক্রবর্তী। প্রাক্তন ছাত্রী শ্রদ্ধা গোয়েঙ্কা কর্তৃক পরিকল্পিত ভারতের বিভিন্ন ভাষায় লেখা "একতা" কথাটির পোস্টার নিয়ে ছাত্রছাত্রীদের মঞ্চ পরিক্রমার মধ্য দিয়ে আনুষ্ঠানিক উদ্বোধন অভিনবত্বের জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ রথীন্দ্রনারায়ণ বসু। মুখ্য বক্তা ছিলেন দিল্লী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মূলচাঁদ শর্মা এবং এডুকেশন্যাল রিসোর্স সেন্টারের অধিকর্তা ডঃ শারদা নায়েক। এছাড়া অনুষ্ঠানে বক্তব্য উপস্থিত করেন অধ্যক্ষ এবং প্রকল্পের অধিকর্তা ডঃ অমলকুমার মুখোপাধ্যায়, ডঃ বিশ্বনাথ দাস ও ডঃ প্রশান্ত রায়। সঙ্গীত পরিবেশন করেন প্রেসিডেন্সি কলেজ কয়্যার এবং সেন্ট জোসেফ এ্যান্ড মেরী স্কুলের শামিক কালচারাল ইউনিটের ছাত্রছাত্রীবৃন্দ। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন অধ্যাপক রবীন প্রসাদ।

প্রকল্পটির উদ্দেশ্য, প্রেক্ষাপট এবং প্রস্তাবিত কর্মসূচী নিয়ে এই উপলক্ষে একটি পুস্তিকাও প্রকাশিত হয়।

## প্রেসিডেন্সি কলেজ ছাত্র সংসদ : সংস্কৃতি-সংবাদ

### *রবীন্দ্র-জন্মবার্ষিকী পালন*

এবারকার বিশেষ আনন্দ-সংবাদ, বহুকাল পরে পঁচিশে বৈশাখে রবীন্দ্র জন্মবার্ষিকী ছাত্র সংসদের উদ্যোগে পরম শ্রদ্ধার সঙ্গে উদ্‌যাপন করা হয়। এ উপলক্ষে 'ডাকঘর' নাটকটি ছাত্রেরা অভিনয় করে। 'লিপিকা'-র 'সিদ্ধি' শীর্ষক রচনাটি নৃত্যনাট্যে রূপান্তরিত করে 'সাধনা' নামে মঞ্চস্থ করে কলেজের ছাত্রছাত্রীরা। নৃত্যনাট্যটিতে যথাযথ সঙ্গীত সন্নিবেশ ও সঙ্গীত পরিচালনা করেন বাংলা বিভাগের অধ্যাপক অমিতাভ ঘোষ।

### *চলচ্চিত্র প্রদর্শনী*

চলচ্চিত্রের শতবর্ষ উপলক্ষে প্রেসিডেন্সি কলেজ চলচ্চিত্র পরিষদ ডিরোজিও হলে ঋত্বিক ঘটকের চলচ্চিত্রকর্মের এক রেট্রস্‌পেক্‌টিভের আয়োজন করে। এইসঙ্গে ঋত্বিক ঘটকের জীবন ও শিল্পকর্ম সম্বন্ধে এবং চলচ্চিত্র-সম্পর্কিত গ্রন্থাদির দুটি প্রদর্শনীও আয়োজিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঋত্বিক-জায়া সুরমা ঘটক ও খ্যাতিমান অভিনেতা অনিল চট্টোপাধ্যায়।

## উন্নয়নমূলক ব্যবস্থা

কলেজের ডিরোজিও ভবনের রসায়ন বিভাগের উপরতলায় আরও একটি তল নির্মাণের জন্য ৩০ লক্ষ টাকার মধ্যে ৫ লক্ষ টাকা পাওয়া গেছে এবং পূর্ত দপ্তর নির্মাণকার্য শুরু করেছে। এ ছাড়া নবনির্মিত নেতাজীভবনের উপরিভাগে একটি তল নির্মাণের জন্য ১৬ লক্ষ টাকার পরিকল্পনা উচ্চশিক্ষা দপ্তরে মঞ্জুরের জন্য পাঠানো হয়েছে।

প্রেসিডেন্সি কলেজের ১৭৫ বছরের স্মারক ছাত্রীনিবাসের জন্য যোজনা কমিশন কর্তৃক প্রদত্ত ১ কোটি ৩ লক্ষ টাকার মধ্যে সল্ট লেকে পূর্ত দপ্তর ৮৫ লক্ষ টাকায় ৮৫ জনের থাকার উপযোগী দ্বিতল ছাত্রী নিবাসের গৃহনির্মাণ সম্পন্ন করেছে। বাস, আসবাবপত্র ও রান্নাঘরের সাজসরঞ্জাম ইত্যাদি বাকি ব্যাপারে ব্যবস্থা নেওয়ার আয়োজন চলছে।

নতুন গ্রন্থাগার ভবনের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মঞ্জুরীকৃত ৩৭·৫০ লক্ষ টাকার মধ্যে ৭ লক্ষ টাকা দিয়ে পূর্ত দপ্তরকে পরিকল্পিত ৪ তলা ভবনের প্রথম তলের কাজ শুরু ও এ বছরের মধ্যে সম্পূর্ণ করার জন্য চেষ্টা চালাতে বলা হয়েছে।

এছাড়া ডি. সি বিদ্যুৎব্যবস্থা এ. সি.-তে রূপান্তর ও নতুন পাখা ওয়ারিং-এর জন্য মঞ্জুরীকৃত আনুমানিক ৪৮ লক্ষ টাকার কাজ পূর্ত দপ্তর ও কলকাতা বিদ্যুৎসরবরাহ সংস্থার সক্রিয়তায় শেষ করা গেছে। বর্তমানে কলেজের নিজস্ব সাব-স্টেশন থেকে সমস্ত বাড়ির বিদ্যুৎ সংযোগ করা হয়েছে।

কলেজের মেন বিল্ডিং-এর টাওয়ার ব্লকের শব্দ-ঘণ্টা লাগানোর কাজে পূর্ত দপ্তরের ১ লক্ষ ১৯ হাজার টাকার পরিকল্পনা শিক্ষা-বিভাগ মঞ্জুর করেছেন। এ বছরে কাজটি শেষ করার ব্যবস্থা নেওয়া হবে।

ডিরোজিও হলের সামনে পূর্ত বিভাগের মধ্যস্থতায় ডিরোজিও-র আবক্ষমূর্তি স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। মূর্তিটি নির্মাণের ভার দেওয়া হয়েছে ভাস্কর সুরজিৎ দাসকে।

নেতাজীর জন্মশতবর্ষে তাঁর একটি তৈলচিত্র অঙ্কনের ভার দেওয়া হয়েছে বিখ্যাত চিত্রশিল্পী বিকাশ ভট্টাচার্যকে। এর ব্যয়ভার বহন করবে পশ্চিমবঙ্গ সরকারের যুবকল্যাণ দপ্তর।

কর্পোরেশনের জল নিয়মিত সরবরাহের জন্য কলেজ স্ট্রীটের দিক থেকে একটি বড় ফেরুল আনার ব্যবস্থা এবং সমস্ত ল্যাবরেটরিতে প্র্যাকটিকাল ক্লাশের জলের অসুবিধা দূর করার জন্য একটি বড় জলাধারের ব্যবস্থা করা হয়েছে। এ বছরেই এ কাজ শেষ করার জন্য পূর্ত বিভাগ যথেষ্ট তৎপর হয়েছে।

পুরোনো কলেজ-ভবনগুলিতে কিছু কিছু স্যানিটারী-প্লাম্বিং যথাসাধ্য নতুন করার কাজ ও নৈমিত্তিক কিছু অসুবিধা দূরীকরণের কাজ দ্রুত শেষ করার উদ্যোগ নেওয়া হয়েছে।

নেতাজীভবনে বাংলা, রাষ্ট্রবিজ্ঞান, সমাজতত্ত্ব ও হিন্দী বিভাগ স্থানান্তরিত হয়েছে। মেন বিল্ডিং-এ আই. এ. এস পঠনপাঠনের জন্য ঘর এবং শিক্ষকদের বসার জন্য ঘরের ব্যবস্থা করা হয়েছে। ডিরোজিও ভবনে ক্রীড়া বিভাগের পুনর্বিন্যাসও এই সঙ্গে সম্পাদিত হয়েছে।

## অছি-তহবিলের খবর

প্রেসিডেন্সি কলেজে বর্তমানে রয়েছে ৬২টি অছি-তহবিল। এদের সম্মিলিত অর্থমূল্য ১৩,১১,৪৫০.০০ টাকা। প্রিয়জনের স্মৃতিতে অনেক বদান্য ব্যক্তির দানে গড়ে উঠেছে এইসব তহবিল। এসবের আয়

থেকে প্রতি বছরে কলেজের ছাত্রছাত্রীদের মেধা ও সঙ্গতির বিচারে পুরস্কার, ছাত্রবৃত্তি, এককালীন অনুদান ইত্যাদি দেওয়া হয়ে থাকে।

বর্তমানে বিশ্ববিদ্যালয়-এবং কলেজ-পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মোট ২৬,১৫৭·৭৫ টাকার পুরস্কার, পদক এবং মেধাবৃত্তি দেওয়া হয়েছে। প্রাপকদের নাম পরিশিষ্টে দেওয়া হল।

কলেজেরই স্নাতকোত্তর শ্রেণীতে অধ্যয়নরত এই কলেজের মোট ১৫ জন স্নাতক ছাত্রছাত্রীকে এবারে মোট ১৮,০০০ টাকা মূল্যের প্রেসিডেন্সি কলেজ স্নাতক ছাত্রবৃত্তি দেওয়া হয়েছে।

কলেজের আর্থিক সঙ্গতিহীন ছাত্রছাত্রীদের সাহায্যের জন্য রয়েছে টি. এস. স্টার্লিং অছি-তহবিল এবং ছাত্রছাত্রী ও শিক্ষকদের স্বেচ্ছাদানে গড়ে ওঠা ছাত্র-সহায়ক তহবিল। প্রথমোক্ত তহবিল থেকে ২৩,০৪০ টাকার এবং দ্বিতীয়োক্ত তহবিল থেকে ২৬ জনকে ৩০,০৫০ টাকার বৃত্তি, এককালীন সাহায্য (পুস্তক ক্রয়, পরীক্ষার ফি, শিক্ষামূলক ভ্রমণ ইত্যাদি খাতে) দেওয়া হয়েছে।

সম্প্রতি গঠিত একটি তহবিল থেকে আলোচ্য বছরে মেধা ও সঙ্গতির বিচারে ১৮ জন আবাসিক ছাত্রছাত্রীকে মোট ৩০,৯০০ টাকার হোস্টেল স্টাইপেন্ড এবং কলেজের ১৭টি বিভাগে ৮,৫০০ টাকার সেমিনার-গ্র্যান্ট দেওয়া হয়েছে।

অছি-তহবিলের একটি সম্পূর্ণ তালিকা পরিশিষ্টে সন্নিবেশিত হল।

কলেজের আরও বেশ কয়েকটি অছি-তহবিল গঠনের প্রস্তাব সরকারী অনুমোদনের অপেক্ষায় রয়েছে। এক্ষেত্রে অবিশ্বাস্য রকমের সরকারী দীর্ঘসূত্রতা, কলেজ কর্তৃপক্ষ এবং দাতা উভয় পক্ষেরই প্রবল হতাশার কারণ। এই অসুবিধা দূর করতে কলেজ কর্তৃপক্ষ সম্প্রতি রাজ্য সরকারের কাছে এই প্রস্তাব পেশ করেছেন যে অছি-তহবিল গঠন-সংক্রান্ত দান গ্রহণের ক্ষমতা কলেজের পরিচালন সমিতিকে দেওয়া হোক। সরকারী বিদ্যালয়ের ক্ষেত্রে রাজ্য সরকার এই আদেশনামা ইতিমধ্যেই জারি করেছেন। আশা করা যায় সরকারী কলেজের ক্ষেত্রেও অচিরেই এই স্বাধীনতা দেওয়া হবে।

অছি-তহবিল সংক্রান্ত বিস্তারিত খবর কলেজের 'বারসার'-এর কাছ থেকে পাওয়া যাবে।

## সরকারি পুরস্কার ও বৃত্তি

১৯৯৪-৯৫ আর্থিক বছরে জাতীয় বৃত্তি পেয়েছিল ৩০ জন, জাতীয় মেধাবৃত্তি ৬ জন, হিন্দী ভাষাভাষী বৃত্তি ১২ জন, তফসিলী জাতি ও উপজাতি বৃত্তি ৭ জন এবং ত্রিপুরা সরকারের বৃত্তি ১ জন। মোট বৃত্তিপ্রাপকের সংখ্যা ৫৬।

## পরীক্ষার ফল

এ বছরে ১২৭ জন ছাত্রছাত্রী বি. এ. পরীক্ষা ও ২০১ জন ছাত্রছাত্রী বি. এস. সি. পরীক্ষা দিয়েছিল তার মধ্যে বি. এ. পরীক্ষায় ১২৬ জন এবং বি. এস. সি. পরীক্ষায় ১৯২ জন উত্তীর্ণ হয়েছে। শতকরা পাশের হার যথাক্রমে ৯৯.২১ ও ৯৫.৫২। বিভিন্ন বিষয়ে প্রথম শ্রেণীর অনার্সপ্রাপ্ত পরীক্ষার্থীর সংখ্যা বি. এ. ও বি. এস. সি. পরীক্ষায় যথাক্রমে ২৩ ও ৮৬। পরিশিষ্টে বিভিন্ন বিভাগের ফলাফলের বিস্তারিত পরিসংখ্যান পাওয়া যাবে।

## কলেজে ছাত্রছাত্রীর সংখ্যা

আলোচ্য বছরে এই কলেজের মোট ছাত্রছাত্রী সংখ্যা ১৫৫৫। তার মধ্যে ছাত্রের সংখ্যা ৮৬৬, ছাত্রীর সংখ্যা ৬৮৯।

## শোক সংবাদ

প্রায় প্রতিবছরই এই মহাবিদ্যালয়ের কোনও প্রাক্তন শিক্ষক ও কৃতী ছাত্রের মৃত্যুসংবাদ আমাদের কানে আসে; কর্মরত অবস্থায় শোকাবহ মৃত্যু ঘটে কলেজের কোনও শিক্ষক বা অশিক্ষক কর্মচারীর। ইতিহাস বিভাগের অত্যন্ত কৃতী ও সমাদৃত অধ্যাপক অজয়চন্দ্র বন্দ্যোপাধ্যায়ের মৃত্যু আমাদের কাছে খুবই মর্মন্তুদ মনে হয়েছে। এই নিষ্ঠাবান জাতশিক্ষক প্রচণ্ড অসুস্থতার মধ্যেও অনেকদিন ক্লাস নিয়ে গেছেন। গণিত বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে কর্মরত অবস্থায় অধ্যাপক হরিহর ঘোষের দীর্ঘ অসুস্থতা ও কষ্টকর রোগভোগের পর মৃত্যুও আমাদের বিশেষভাবেই ব্যথিত করেছে। রসায়নের সুপ্রসিদ্ধ অধ্যাপক এবং সংশ্লেষণিক জৈব রসায়নে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গবেষক, আমাদের কলেজের প্রাক্তন অধ্যাপক ডঃ সুরেশচন্দ্র সেনগুপ্ত গত ডিসেম্বর মাসে পরলোক গমন করেছেন। এই মৃত্যুসংবাদও আমাদের কাছে বিশেষ শোকাবহ হয়েছে। এই কলেজেরই বাংলা বিভাগের ছাত্র ছিলেন অসামান্য প্রতিভাবান কবি শক্তি চট্টোপাধ্যায়, যাঁর মৃত্যু কবিতাপ্রেমী-মাত্রকেই শোকে বিহ্বল করেছে। আর আমরা শোকস্তব্ধ হয়েছি প্রথম বর্ষ সাম্মানিক বাংলার ছাত্রী শাশ্বতী পোদ্দারের শোচনীয় অপমৃত্যুতে। কলেজের চতুর্থ শ্রেণীর কর্মী শ্রীরাজকুমার প্রসাদের কর্মরত অবস্থায় মৃত্যুও বেদনাবিদ্ধ করেছে আমাদের।

## আসা-যাওয়ার সংবাদ

**অর্থনীতি** বিভাগে এই বছরের গোড়ার দিকে অধ্যাপক আশিস্ দাশগুপ্ত বিভাগ থেকে পাবলিক সার্ভিস কমিশনের সদস্য হয়ে চলে গেছেন। অধ্যাপক অম্বরনাথ ঘোষ অন্য কলেজে বদলি হয়ে গেছেন, তার জায়গায় বিভাগে যোগদান করেছেন অধ্যাপক কৌশিক গুপ্ত। সেণ্টার ফর ইকনমিক স্টাডিজ-এর রিসার্চ এসোসিয়েট ডঃ মীনাক্ষী রাজীব বিভাগ ত্যাগ করে লেক টেরেসের সেণ্টার ফর স্টাডিজ ইন্ সোসাল সায়েন্সেস-এ যোগদান করেছেন।

**ইতিহাস** বিভাগে অধ্যাপিকা শিরিন মাসুদ বিভাগ ত্যাগ করে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ইস্লামিক হিস্ট্রি বিভাগে যোগদান করেছেন।

**উদ্ভিদবিদ্যা** বিভাগে অধ্যাপক অশোককুমার বাগ ও অধ্যাপক সত্যেন্দ্রনাথ ভৌমিক বদলি হয়ে অন্য কলেজে চলে গেছেন। তাঁদের জায়গায় এসেছেন অধ্যাপক খোন্দকার জাহেদুল ইসলাম ও অধ্যাপক সুবীর বেরা। অবসরপ্রাপ্ত অধ্যাপক নির্মলেন্দু ভট্টাচার্য-এর জায়গায় অন্য কলেজ থেকে বদলি হয়ে এসেছেন অধ্যাপক মধুব্রত চৌধুরী।

**দর্শন** বিভাগে বিভাগীয় প্রধান অধ্যাপক রবীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় অবসর গ্রহণ করেছেন। অধ্যাপিকা শ্রীমতী রায় ঝাড়গ্রাম রাজ কলেজ থেকে বদলি হয়ে এসে অধ্যাপক দিলীপকুমার রায়ের পদে যোগদান করেছেন এবং অধ্যাপক রায় অধ্যাপক নবকুমার নন্দীর শূন্য পদে অস্থায়ীভাবে যোগ দিয়েছেন।

**বাংলা** বিভাগে অধ্যাপক দিলীপকুমার বসু বদলি হয়ে কৃষ্ণনগর কলেজে যোগদান করেছেন। অধ্যাপক করুণাময় মজুমাদর দীর্ঘ অধ্যাপক জীবনে প্রভূত সুনাম অর্জন করার পর অগাস্ট মাসে অবসর গ্রহণ করেছেন।

**ভূতত্ত্ব** বিভাগে অধ্যাপক প্রদীপকুমার গঙ্গোপাধ্যায় অবসর গ্রহণ করেছেন।

**রসায়ন** বিভাগে অধ্যাপক স্বপনকুমার ভট্টাচার্য সরকারী চাকুরী থেকে 'লিয়েন' নিয়ে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে যোগ দিয়েছেন। অধ্যাপক অনুপকুমার গুঁই বদলি হয়ে কোচবিহার আচার্য ব্রজেন্দ্রনাথ শীল কলেজে যোগদান করেছেন। অধ্যাপক দেবকুমার মিত্র ঝাড়গ্রাম রাজ কলেজ থেকে বদলি হয়ে এসে বিভাগে যোগ দিয়েছেন।

**রাশিবিজ্ঞান** বিভাগে অধ্যাপক অসিতবরণ আইচ বদলি হয়ে কৃষ্ণনগর কলেজে যোগদান করেছেন। কৃষ্ণনগর কলেজ থেকে অধ্যাপক শংকর ঘোষ তাঁর জায়গায় বিভাগে যোগ দিয়েছেন।

**রাষ্ট্রবিজ্ঞান বিভাগে** অধ্যাপক অশোককুমার মুস্তাফী অবসর গ্রহণ করেছেন। অধ্যাপক রঞ্জনকুমার রায় বদলি হয়ে কোচবিহার আচার্য ব্রজেন্দ্রনাথ শীল কলেজে যোগ দিয়েছেন এবং অধ্যাপক দীপক দাশগুপ্ত কোচবিহার আচার্য ব্রজেন্দ্রনাথ শীল কলেজ থেকে বদলি হয়ে এসেছেন বিভাগে।

**হিন্দী** বিভাগে হিন্দী শিক্ষার এ. ডি. পি. আই পদ থেকে চলে এসে অধ্যাপক সদানন্দ সিং বিভাগীয় প্রধান হিসেবে যোগ দিয়েছেন।

**গ্রন্থাগারে** সংস্কৃত কলেজ থেকে বদলি হয়ে এসে শ্রীমতী জল্পনা গঙ্গোপাধ্যায় প্রধান গ্রন্থাগারিক হিসেবে যোগ দিয়েছেন। চন্দননগর থেকে বদলি হয়ে এসেছেন গ্রন্থাগারিক শ্রীবিমলচন্দ্র খাটুয়া।

**ক্রীড়া** বিভাগে শ্রী দেবপ্রসাদ আচার্য অবসর গ্রহণ করেছেন।

## বিভিন্ন বিভাগের সংবাদ

### অধ্যক্ষ

কেন্দ্রীয় সরকার নেতাজি জন্মশতবর্ষ উদ্‌যাপনের জন্য প্রধানমন্ত্রী শ্রীনরসিমা রাওয়ের সভাপতিত্বে যে জাতীয় কমিটি গঠন করেছেন, অধ্যক্ষ ডঃ অমলকুমার মুখোপাধ্যায় তার অন্যতম সদস্য মনোনীত হয়েছেন। প্রেসিডেন্সি কলেজের পক্ষ থেকে Higher Education in West Bengal : An Alternative Plan শিরোনামে উচ্চশিক্ষার সার্বিক পরিবর্তন-সংক্রান্ত একটি পূর্ণাঙ্গ দলিল তিনি পশ্চিমবঙ্গ সরকারের কাছে জমা দিয়েছেন। প্রকল্পটি এখন পশ্চিমবঙ্গ সরকারের বিবেচনাধীন।

অধ্যক্ষ মুখোপাধ্যায় কলকাতা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগ-আয়োজিত রাষ্ট্রতত্ত্ব-সম্পর্কিত রিফ্রেশার কোর্সে দুটি এবং ভারতীয় রাজনীতি-সম্পর্কিত রিফ্রেশার কোর্সে একটি বক্তৃতা দেন। এছাড়া বর্ধমান বিশ্ববিদ্যালয়-আয়োজিত রাষ্ট্রতত্ত্ব-সম্পর্কিত রিফ্রেশার কোর্সেও তিনি দুটি বক্তৃতা দেন।

বেলুড় বিদ্যামন্দির-আয়োজিত স্বামী বিবেকানন্দ-সম্পর্কিত আলোচনা চক্রে, ব্যারাকপুর রামকৃষ্ণ-বিবেকানন্দ মিশন-আয়োজিত শ্রীরামকৃষ্ণ-সম্পর্কিত আলোচনাচক্রে এবং বেলঘরিয়া সমাজ সংস্থা-আয়োজিত বিদ্যাসাগর-সম্পর্কিত আলোচনাচক্রে মুখ্য বক্তা ছিলেন অধ্যক্ষ মুখোপাধ্যায়। তাঁর অধীনে হব্‌সের ওপর গবেষণারতা শ্রীমতী চৈতালী ঘোষ তাঁর পি এইচ ডি থিসিস জমা দেওয়ার জন্য প্রস্তুত হচ্ছেন।

ডঃ মুখোপাধ্যায়-সম্পাদিত সমাজবিজ্ঞানের ত্রৈমাসিক পত্রিকা সোসালিস্ট পারস্‌পেকটিভ তেইশতম বছরে পদার্পণ করেছে।

অধ্যক্ষ মুখোপাধ্যায় কলকাতা বিশ্ববিদ্যালয়ের সিণ্ডিকেটে পুনর্নির্বাচিত হয়েছেন।

## অর্থনীতি বিভাগ

অন্যান্য বছরের মতো এবারও অর্থনীতি বিভাগের ছাত্রছাত্রীরা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় কৃতিত্বের পরিচয় দিয়েছে। বি. এস. সি. পার্ট ওয়ান পরীক্ষায় ২৪ জন পরীক্ষার্থীর মধ্যে ১৮ জন প্রথম শ্রেণীর অনার্সের নম্বর পেয়েছে। বি. এস. সি পার্ট টু পরীক্ষায় ২৪ জনের মধ্যে ১২ জন ছাত্রছাত্রী প্রথম শ্রেণীর অনার্স পেয়েছে।

১৯৯৫-এর ফেব্রুয়ারীতে অধ্যাপক আশিস্ দাশগুপ্ত বিভাগ ছেড়ে পাবলিক সার্ভিস কমিশনের সদস্য হয়ে যে চলে গেলেন তাতে বিভাগের গৌরব যেমন বৃদ্ধি পেয়েছে, তেমনি ওঁর স্থানে কোন অধ্যাপক বিভাগে যোগদান না করায় পড়াশুনার খুবই ক্ষতি হচ্ছে। এই বছরেই অক্টোবর মাসে সেণ্টার ফর ইকনমিক স্টাডিজ-এর রিসার্চ অ্যাসোসিয়েট ডঃ মীনাক্ষী রাজীব বিভাগ ছেড়ে দিয়ে লেক টেরেসের সেণ্টার ফর স্টাডিজ ইন্ সোস্যাল সায়েন্সে-এ যে যোগদান করলেন, তার জন্যও বিভাগের গবেষণা ও পঠনপাঠনের বিরাট ক্ষতি হল, যেহেতু তাঁর জায়গাতেও কেউই যোগদান করেন নি।

অধ্যাপক কৌশিক গুপ্ত যাদবপুর বিশ্ববিদ্যালয়ের পঞ্চম বার্ষিক বিভাগীয় সম্মেলনে (সেপ্টেম্বর ১-২, ১৯৯৫) 'Foreign enclave and economic development : an analysis based on a Ricardo-viver model' শীর্ষক একটি গবেষণামূলক প্রবন্ধ পাঠ করেছেন । অধ্যাপক গুপ্ত এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মানসরঞ্জন গুপ্তের যুগ্মভাবে লেখা প্রবন্ধ : 'Foreign enclave and economic development : a theoretical analysis' দিল্লীর ইণ্ডিয়ান স্ট্যাটিস্‌টিকাল ইন্‌স্টিটিউটের বার্ষিক সম্মেলনে (ডিসেম্বর ১৮-২০, ১৯৯৫) পঠিত হবার জন্য আমন্ত্রিত হয়েছে। সেণ্টার ফর ইকনমিক স্টাডিজ্-এর রিসার্চ অ্যাসোসিয়েট ডঃ চন্দনা দাসের গবেষণামূলক প্রবন্ধ 'Optimum control and market allocation in a dual economy model'ও দিল্লীর ইণ্ডিয়ান স্ট্যাস্টিস্‌টিকাল ইনস্টিটিউটের বার্ষিক সম্মেলনে পঠিত হবার জন্য আমন্ত্রিত হয়েছে।

## ইংরেজি বিভাগ

আলোচ্য বর্ষে ইংরেজি বিভাগের ছাত্রছাত্রীরা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় কৃতিত্বের পরিচয় দিয়েছে। পার্ট টু অনার্স পরীক্ষায় ১ জন ছাত্র প্রথম শ্রেণীর অনার্স লাভ করেছে। পার্ট ওয়ান অনার্স পরীক্ষায় দুজন প্রথম শ্রেণীর অনার্স নম্বর পেয়েছে। ১৯৯৪-এর এম.এ পরীক্ষায় এই বিভাগেরই একজন ছাত্রী প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকার করেছে।

বিভাগে পঠন-পাঠন ও গবেষণামূলক কাজের ধারা অব্যাহত রয়েছে। অধ্যাপক অশোককুমার মুখোপাধ্যায় ইন্‌স্টিটিউট অফ্ ইংলিশ-আয়োজিত আলোচনাচক্রে 'English : Academic Courses and Vocational Needs' বিষয়ে একটি বক্তৃতা দেন। অধ্যাপিকা কাজল সেনগুপ্ত যাদবপুর বিশ্বাবিদ্যালয়-আয়োজিত আন্তর্জাতিক আলোচনাচক্রে 'The Legend of Troilus : Chaucer,

Henryson, Shakespeare' শীর্ষক প্রবন্ধ পাঠ করেন। অধ্যাপিকা তপতী গুপ্ত বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও চার্লস ওয়ালেস ট্রাস্ট-প্রদত্ত অর্থ সাহায্যে বৃটেনের নানা গ্রন্থাগারে কাজ করে 'The Visual Element in English Renaissance Culture' শীর্ষক পোস্ট-ডকটারাল গবেষণার প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করেছেন। অধ্যাপিকা গুপ্ত কলকাতা বিশ্ববিদ্যালয়ের ফিল্ম স্টাডি সেন্টারে 'ইম্‌প্রেশানিজ্‌ম' সম্বন্ধে দৃষ্টান্তসহযোগে একটি বক্তৃতা দেন। তিনি র‍্যাডিকাল হিউম্যানিষ্ট অ্যাসোসিয়েশনেও 'এক্সপ্রেশানিজ্‌ম অ্যাণ্ড মডার্ন আর্ট' বিষয়ে অনুরূপ একটি বক্তৃতা দেন। কবি জন কীট্‌সের জন্মদ্বিশতবার্ষিকী উপলক্ষে ১৯শে ডিসেম্বর ১৯৯৫ 'ব্রিটিশ কাউন্সিলে 'Angel in the Sun : Romanticism in Painting' বিষয়েও তিনি বক্তৃতা দেন। ইনস্টিটিউট অফ্ ইংলিশ কর্তৃক সংগঠিত 'অ্যাকাডেমিক কোর্সেস অ্যাণ্ড ভোকেশানাল নিড্‌স'-বিষয়ে কর্মশালায় যোগ দেন অধ্যাপক বিমল বন্দ্যোপাধ্যায় ও অধ্যাপিকা কাজল সেনগুপ্ত। অধ্যাপিকা কাজল সেনগুপ্ত বছরের গোড়ার দিকে যাদবপুর বিশ্ববিদ্যালয়-কর্তৃক সংগঠিত 'পরীক্ষা পদ্ধতি' (Examination System)-সম্পর্কিত কর্মশালাতেও যোগ দেন।

অধ্যাপিকা কাজল সেনগুপ্তের নির্দেশনায় 'Women in Chaucer' সম্বন্ধে গবেষণা করে শ্রীমতী মালশ্রী ধর কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে পি. এইচ. ডি ডিগ্রী পেয়েছেন।

এ বছর ইংরেজী সেমিনারের উদ্যোগে বেশ কয়েকটি আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। আমন্ত্রিত অতিথি হিসেবে ক্যাথলিক সেমিনারীর রেভারেণ্ড ফাদার ফ্রাঙ্কলিন মেনেজেস 'রিডিং দি গসপেল্‌স' শীর্ষক বক্তৃতা দেন। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ফিল্ম ও মিডিয়া স্টাডিজ বিভাগের শ্রীমৈনাক বিশ্বাস 'ফিল্ম অ্যাপ্রিসিয়েসন' বিষয়ে দুটি আলোচনা করেন। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের উল্‌ফসন কলেজের জুনিয়ার রিসার্চ ফেলো শ্রীঅভীক সেন পরপর চারটি বিষয়ে আলোচনা সভায় বক্তৃতা ও আলোচনা করেন। বিষয়গুলি হল : 'Poetry as labour and Occupation' (Romantics), 'The Idea of the Subline and Beautiful in Romantic Poetry' (With special reference to Keats), 'Hero and Leander and Venus and Adonis' এবং 'Titus Andronicus.'

## ইতিহাস বিভাগ

এ বছরে বিভাগের সবচেয়ে শোকাবহ দুর্ঘটনা বিশিষ্ট অধ্যাপক অজয়চন্দ্র বন্দ্যোপাধ্যায়ের প্রয়াণ। স্বল্প রোগভোগের পর গত ২২শে নভেম্বর, ১৯৯৫ তাঁর মৃত্যু হয়। অধ্যাপক বন্দ্যোপাধ্যায় কলেজের ইতিহাস বিভাগের ইতিহাসে সবচেয়ে বেশীদিন (২৬ বছর) অধ্যাপনা করেছেন (বিভাগের অপর এক বিশিষ্ট অধ্যাপক উপেন্দ্রনাথ ঘোষালও এখানে ২৬ বছর অধ্যাপনা করেছেন)। অধ্যাপক বন্দ্যোপাধ্যায়ের মৃত্যুতে বিভাগের অপূরণীয় ক্ষতি হল।

বিভাগের আরেক জন শিক্ষিকা অধ্যাপিকা শিরিন মাসুদ গত ফেব্রুয়ারী মাসে কলকাতা বিশ্ববিদ্যালয়ে চলে গেলেও এখনো মুঘল ও গ্রীক ইতিহাসের ক্লাস নিচ্ছেন। অধ্যাপিকা মাসুদ বিভাগে ৯ বছর (১৯৮৬-৯৫) পড়িয়েছেন। তাঁর শূন্য পদ এখনো পূরণ করা হয় নি। এজন্য বিভাগে পঠন-পাঠনের অত্যন্ত অসুবিধে হচ্ছে।

অন্যান্য বছরের মতো এবছরেও বিভাগের ফল বেশ ভাল হয়েছে, বিশেষত পার্ট ওয়ান পরীক্ষায় ৪ জন প্রথম শ্রেণীর নম্বর পেয়েছে এবং আরো তিনজন এক-দু নম্বরের জন্য তা পায় নি। পার্ট টু তে তিনজন প্রথম শ্রেণীর অনার্স পেয়েছে।

অন্যান্য বছরের মতো এবছরেও আমন্ত্রিত অধ্যাপকরা বিভাগে পড়িয়ে গেছেন। এঁদের মধ্যে বিশেষ উল্লেখযোগ্য আমেরিকা যুক্তরাষ্ট্রের ওহায়ো বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক দুয়ান রোলার। অধ্যাপক রোলার ফেব্রুয়ারী মাসে চারটি বক্তৃতা দেন। তাঁর বক্তৃতার বিষয়গুলি ছিল যথাক্রমে—গ্রীক পুরাণ, প্রাচীন গ্রীসে ইতিহাস-চর্চা, হেরোডোটাস ও ভারতবর্ষ এবং স্লাইড সহযোগে গ্রীক পুরাতাত্ত্বিক নিদর্শনসমূহ।

১৯৯৪-এর প্রতাপচন্দ্র সেন স্মারক বক্তৃতা প্রদান করেন বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক অমিয় বাগচী। তাঁর বক্তৃতার শিরোনাম ছিল 'ইস্ট এশিয়ান মিরাক্‌ল'। বক্তৃতাটি পরে সংক্ষিপ্ত আকারে 'দি টেলিগ্রাফ'-এ প্রকাশিত হয়। ১৯৯৫-এর প্রতাপচন্দ্র সেন স্মারক বক্তৃতা প্রদান করেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাচীন ভারতীয় সংস্কৃতি ও ইতিহাস বিভাগের কারমাইকেল অধ্যাপক ব্রতীন্দ্রনাথ মুখোপাধ্যায়। তাঁর বক্তৃতার বিষয় ছিল 'আর্য সমস্যা'।

এছাড়া প্রাক্তন বিভাগীয় প্রধান, বিশিষ্ট ঐতিহাসিক অধ্যাপক অশীন দাশগুপ্তের সম্মানে গত ৩০শে নভেম্বর ১৯৯৫ বক্তৃতা দেন অধ্যাপক পি. জে. মার্শাল। তাঁর বক্তৃতার বিষয় ছিল 'অষ্টাদশ শতকে ভারতে ব্রিটিশ শক্তির উত্থান'। টেলিগ্রাফ পত্রিকার সহ-সম্পাদক শ্রীরুদ্রাংশু মুখোপাধ্যায় তাঁর বক্তৃতা সম্বন্ধে আলোচনা করেন।

পশ্চিমবঙ্গ ইতিহাস সংসদ ও বিভাগের যৌথ উদ্যোগে গত ২৬শে অগাস্ট কলেজের ফিজিক্স লেকচার থিয়েটারে দ্বিতীয় সুশোভন সরকার স্মারক বক্তৃতা প্রদান করেন অধ্যাপক সরকারের ছাত্র, বিশিষ্ট সাংবাদিক শ্রী নিখিল চক্রবর্তী। তাঁর বক্তৃতার বিষয় ছিল, 'Use of History to a communicator'।

প্রতিটি বক্তৃতাসভাতেই বক্তৃতার পরে অত্যন্ত সজীব ও আকর্ষক প্রশ্নোত্তরপর্ব হয়, যেখানে ছাত্রছাত্রীরা উল্লেখযোগ্য মাত্রায় অংশগ্রহণ করে। এইসব বক্তৃতার ফলে ছাত্রছাত্রীরা খুবই উপকৃত হয়েছে।

বিগত ৫, ৬ ও ৭ই নভেম্বর বিভাগের পৃষ্ঠপোষকতায় পশ্চিমবঙ্গ ইতিহাস সংসদের দ্বাদশ বার্ষিক অধিবেশন অনুষ্ঠিত হয় কলেজে। তিনদিনব্যাপী এই অধিবেশন কলেজের ভিতরে ও বাইরে ইতিহাসপ্রেমীদের মধ্যে বিপুল সাড়া জাগিয়েছিল। সম্মেলনের মূল সভাপতিরূপে বক্তৃতা প্রদান করেন প্রখ্যাত ঐতিহাসিক ইরফান হাবিব। তাঁর বক্তৃতার বিষয় ছিল 'Capitalism in History'।

বিভাগীয় প্রধান অধ্যাপক রজতকান্ত রায়ের অধীনে গবেষণা করে ডক্টরেট পেয়েছিলেন কলেজের প্রাক্তন ছাত্রছাত্রী সম্বুদ্ধ চক্রবর্তী ও রেবা সোম। তাঁদের গবেষণা এবছর পুস্তকাকারে প্রকাশিত হয়েছে। রেবা সোমের গ্রন্থ : Differences within consensus : The left-Right Divide in Congress 1929-39 (Orient Longman)। সম্বুদ্ধ চক্রবর্তীর গ্রন্থ : অন্দরে অন্তরে : উনিশ শতকে বাঙালী ভদ্রমহিলা (স্ত্রী, কলকাতা)।

অধ্যাপক রজতকান্ত রায় এবছর পশ্চিমবঙ্গ ইতিহাস সংসদের বার্ষিক অধিবেশনে 'আধুনিক ভারত বিভাগের সভাপতিত্ব করেন। এছাড়া অধ্যাপক রায় কলকাতা ও আলিগড় বিশ্ববিদ্যালয়ের রিফ্রেশার কোর্সে বক্তৃতা দিয়েছেন। অধ্যাপক সুভাষরঞ্জন চক্রবর্তী কলকাতা বিশ্ববিদ্যালয়ের রিফ্রেশার কোর্সে ইওরোপীয় ইতিহাস বিষয়ে বক্তৃতা দিয়েছেন। ১২ই ডিসেম্বর হুগলী মহসীন কলেজে জ্যোতিষচন্দ্র ঘোষ স্মারক বক্তৃতা দিয়েছেন। বক্তৃতার বিষয় ছিল : 'বাংলায় বিপ্লবী আন্দোলন' তিনি ডঃ শমিতা সেন কলকাতা বিশ্ববিদ্যালয়ে ৯ই ডিসেম্বর অজয়চন্দ্র বন্দ্যোপাধ্যায় স্মারক বক্তৃতা দিয়েছেন। তাঁর বক্তৃতার বিষয় ছিল : 'লেবার ইন্ ইণ্ডিয়া'।

## উদ্ভিদবিদ্যা বিভাগ

অন্যান্য বছরের মত এ বছরেও বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় এই বিভাগের ছাত্রছাত্রীরা বিভাগীয় ঐতিহ্য বজায় রেখেছে। বি. এস. সি পার্ট টু পরীক্ষায় ২৩ জন ছাত্রছাত্রীর মধ্যে ৭ জন প্রথম শ্রেণীর অনার্স এবং অন্যরা দ্বিতীয় শ্রেণীর অনার্স পেয়েছে। ঐ পরীক্ষায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারী এই বিভাগেরই ছাত্র। স্নাতকোত্তর শ্রেণীতে ১৯ জন ছাত্রছাত্রীর মধ্যে ১৫ জন প্রথম শ্রেণীতে ও মাত্র ৪ জন দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে।

চতুর্থ শ্রেণীর কর্মচারী মহম্মদ ইশ্‌হাক বদলি হয়ে গেছেন এবং সে জায়গায় শ্রীহেমন্ত দাস কাজে যোগদান করেছেন।

অধ্যাপক অশোক রায়ের তত্ত্বধানে গত এপ্রিল মাসে স্নাতকোত্তর শ্রেণীর ছাত্রছাত্রীরা মধ্যপ্রদেশের বিভিন্ন স্থানে বিশ্ববিদ্যালয়ের পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত শিক্ষামূলক ভ্রমণে গিয়েছিলেন। অনুরূপভাবে গত অক্টোবর মাসে স্নাতক শ্রেণীর দ্বিতীয় ও তৃতীয় বর্ষের ছাত্রছাত্রীরা ডঃ বরুণকুমার চট্টোপাধ্যায়, ডঃ সমরেন্দ্রনাথ ঘোষ, ডঃ সুবীর বেরা ও শ্রীলক্ষ্মীনারায়ণ পালের তত্ত্বধানে উত্তরপ্রদেশ-সংলগ্ন হিমালয়ের বিভিন্ন স্থানে শিক্ষামূলক ভ্রমণে গিয়েছিল।

ডঃ বরুণকুমার চট্টোপাধ্যায়ের নির্দেশনায় ডঃ জলদবরণ দাস ও শ্রী দিনেশ হালদার 'Folieoculous hypomycetous fungi of West Bengal' সম্বন্ধে গবেষণায় লিপ্ত আছেন। শ্রীহালদার পি. এইচ. ডি ডিগ্রির জন্য গবেষণা করছেন।

কলকাতা বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিদ্যার অধ্যাপক ডঃ শুভেন্দু মুখোপাধ্যায় 'Cyanide respiration in plants' বিষয়ে একটি আলোচনাচক্রে বক্তৃতা দেন। ডঃ সুবীর বেরা কলকাতা বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিদ্যা বিভাগে অনুষ্ঠিত ন্যাশনাল বোটানিকাল সোসাইটি অফ্ বেঙ্গলের হীরক জয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে (১১-১২ এপ্রিল ১৯৯৫) 'রিসেণ্ট এ্যাডভান্সেস ইন্ প্ল্যাণ্ট সায়েন্সেস' সম্বন্ধে জাতীয় আলোচনাচক্রে যোগদান করেছিলেন। যোধপুরের জে. এম. ব্যাস বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত Pteridology-বিষয়ক গবেষণা সম্বন্ধে ন্যাশনাল সিম্পোসিয়ামেও (৫-৭ অক্টোবর ১৯৯৫) তিনি যোগ দেন।

## গণিত বিভাগ

গণিত বিভাগে ১৯৯৫ সালের বি. এস. সি পার্ট টু অনার্স পরীক্ষার ফল আশানুরূপ হয়নি। ২৪ জন পরীক্ষার্থীর মধ্যে ১ জন প্রথম শ্রেণীর অনার্স ও ১৩ জন দ্বিতীয় শ্রেণীর অনার্স পেয়েছে।

প্রায় তেরো বছরেরও বেশী সময় ধরে এই গণিত বিভাগে একটি প্রোফেসর পদ শূন্য রয়েছে এবং আর একটি প্রোফেসর পদও প্রায় দুবছর শূন্য রয়েছে। ১৯৯৪ সালের ২৪শে নভেম্বর থেকে অধ্যাপক দীনেশচন্দ্র সাহা বিভাগীয় প্রধানের দায়িত্বভার গ্রহণ করেছেন। অধ্যাপক মণীন্দ্র মিত্র ও অধ্যাপক সাধনকুমার মাপা তাঁদের পুনর্নিয়োগ কাল সরকারী আদেশে ১৯৯৪-এর ৩০শে জুন শেষ হওয়ার পর মাননীয় অধ্যক্ষ মহাশয়ের অনুরোধে নিষ্ঠার সঙ্গে গণিত বিভাগে অধ্যাপনা করে যাচ্ছেন। তবে ডঃ মিত্র আর না আসার ইচ্ছা প্রকাশ করেছেন।

গণিত বিভাগের প্রধানের পদে অধিষ্ঠিত থাকার সময়েই অধ্যাপক হরিহর ঘোষের দীর্ঘ অসুস্থতা ও কষ্টকর রোগভোগের পর মৃত্যু আত্মীয়-বিয়োগ ব্যাথার মতই মর্মান্তিক মনে হয়েছে।

কলকাতা বিশ্ববিদ্যালয়ের বিশুদ্ধ গণিত বিভাগের অধ্যাপক ডঃ তপনকুমার দত্ত ১২.১২.৯৫ তারিখে Module Theory বিষয়ে বক্তৃতা দেন। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের অধ্যাপক ডঃ তাপসকুমার চৌধুরী ৮.১২.৯৫ তারিখে ফলিত গণিতের একটি বিশেষ বিষয়ে বক্তৃতা দেন।

## দর্শন বিভাগ

অন্যান্য বছরের মতো এ বছরেও দর্শন বিভাগের ঐতিহ্য বজায় রেখে বিশ্ববিদ্যালয়ের সমস্ত পরীক্ষাতেই ছাত্রছাত্রীরা কৃতিত্বের পরিচয় দিতে পেরেছে। এ বছর পার্ট টু পরীক্ষায় সকলেই সসম্মানে উত্তীর্ণ হয়েছে। প্রথম শ্রেণীর অনার্স প্রাপকের সংখ্যা ৬, দ্বিতীয় শ্রেণীর অনার্স পেয়েছে ৮ জন। কলেজের তথা বিশ্ববিদ্যালয়ের কলা বিভাগের সর্ব্বোচ্চ স্থানে রয়েছে বিভাগীয় ছাত্রী অবন্তিকা চক্রবর্তী। শ্রীমতী অবন্তিকা উচ্চতর শিক্ষা লাভের জন্য ইংল্যাণ্ডের শেফিল্ড বিশ্ববিদ্যালয়ে গত সেপ্টেম্বরে যোগদান করেছে। পার্ট ওয়ান পরীক্ষার ফল আশানুরূপ না হলেও ৩ জন প্রথম শ্রেণীর অনার্স-নম্বর পেয়েছে এবং বাকী ১২ জনও সসম্মানে উত্তীর্ণ। এই বিভাগের এম. এ পরীক্ষার্থীদের মধ্যে ১জন প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে এবং বাকিরা সকলেই দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে।

বিভাগীয় অধ্যাপক দিলীপকুমার রায় ১৯৯৫ সালের জানুয়ারী মাসে কলকাতায় গোলপার্কের রামকৃষ্ণ ইন্‌স্টিটিউট অফ কালচার-পরিচালিত ''Epistemology : Indian and Western'' শীর্ষক সেমিনারে যোগদান করেন। গত ২২শে জানুয়ারী যাদবপুরের বঙ্গীয় জাতীয় শিক্ষা পরিষদ অর্থাৎ National Council of Education এ "শ্রীঅরবিন্দের দৃষ্টিতে শিক্ষার লক্ষ্য" শীর্ষক এক বক্তৃতা দেন। অধ্যাপক রায় গত মাসে Salt Lake Aurobindo Centre এ ''Evolutionary Crisis and Sri Aurobindo's Solution to it'' শীর্ষক এক বক্তৃতা দেন। নভেম্বর মাসে শ্রীঅরবিন্দ পাঠমন্দিরে "The Planes and Parts of the Being" এর উপর ধারাবাহিকভাবে বক্তৃতা দেন তিনি। গত ১৪ই নভেম্বর কলকাতার শ্রীরামকৃষ্ণ সারদা আশ্রমে তিনি "Sri Aurobindo's Thoughts on Education" শীর্ষক এক বক্তৃতা দেন।

বিভাগীয় অধ্যাপক ডঃ দেবব্রত সেন ১৯৯৫ সালের জানুয়ারী মাসে গোলপার্ক রামকৃষ্ণ ইন্‌স্টিটিউট-পরিচালিত "Concept of Knowlege : Indian and Western" -বিষয়ক সমিনারে পর্যবেক্ষকরূপে যোগদান করেন।

অধ্যাপক মানিকলাল বল ক্যালকাটা স্কুল অব্ ফিলজফিক্যাল রিসার্চের আলোচনা সভায় 'ঈশ্বরবাদ নিরীশ্বরবাদ-মার্কসীয় বিশ্লেষণ' শীর্ষক নিবন্ধ পাঠ করেন। ভারতীয় দর্শন কংগ্রেসের হরিদ্বার অধিবেশনে Epistemology ও Metaphysics শাখার প্রবন্ধাবলী আলোচনায় তিনি অংশগ্রহণ করেন। জামশেদপুর স্কুল অব্ র্যাডিকাল ফিলজফিক্যাল রিসার্চে এঙ্গেলসের মৃত্যু-শতবর্ষ-উদ্‌যাপন-সভায় তিনি 'মার্কসীয় তত্ত্বে এঙ্গেলসের অবাদন' শীর্ষক মূল নিবন্ধটি পাঠ করেন।

জানুয়ারী মাসে গোলপার্ক রামকৃষ্ণ মিশন ইন্‌স্টিটিউট-পরিচালিত "Concept of Knowledge : Indian and Western" শীর্ষক সেমিনারে পর্যবেক্ষকরূপে যোগদান করেন এই বিভাগের প্রধান অধ্যাপক শ্রীঅমলেন্দু চক্রবর্তী। গত ২৫শে মার্চ অধ্যাপক চক্রবর্তী কলকাতার Tagore Research Institute-আয়োজিত এক জনসভায় ''রবীন্দ্রনাথের দৃষ্টিতে ধর্ম ও দর্শন'' শীর্ষক এক বক্তৃতা দেন।

গত ১৯শে ও  ২০শে এপ্রিল ব্রাহ্মসমাজে ডঃ রাসবিহারী দাসের স্মৃতিতে আয়োজিত সেমিনারে আমন্ত্রিত অধ্যাপকরূপে যোগদান করেন তিনি। অধ্যাপক চক্রবর্তী দর্শন ও সমাজ ট্রাস্ট-এর উদ্যোগে ৯-১১ই ডিসেম্বর পঞ্চম বঙ্গীয় দর্শন সেমিনারে আমন্ত্রিত অধ্যাপকরূপে যোগদান করেন। ডিসেম্বরের দ্বিতীয় সপ্তাহে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-পরিচালিত সপ্তম আন্তর্জাতিক দর্শন সম্মেলনে তিনি আমন্ত্রিত অধ্যাপকরূপে যোগদানের আহ্বান পেয়েছেন।

## পদার্থবিদ্যা বিভাগ

অন্যান্য বৎসরের মতোই পদার্থবিদ্যা বিভাগের বি. এস. সি পার্ট টু অনার্স পরীক্ষার ফল আশানুরূপ হয়েছে : ১৯ জন ছাত্রছাত্রী প্রথম শ্রেণীর অনার্স পেয়েছে এবং ৬ জন পেয়েছে দ্বিতীয় শ্রেণীর অনার্স। এম. এস. সি. পরীক্ষায় ১১ জন প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে এবং ২৭ জন দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে।

এই বিভাগ কয়েকটি সেমিনার-বক্তৃতারও আয়োজন করে। এই বিভাগের একজন অত্যন্ত কৃতী প্রাক্তন ছাত্র, দি সাহা ইনস্টিটিউট অফ্ নিউক্লিয়ার ফিজিক্স এবং দি ভেরিয়েব্‌ল এনার্জি সাইক্লোট্রন সেণ্টারের পরিচালক অধ্যাপক বিকাশ সিংহ এলিমেণ্টারি পার্টিক্‌ল থিওরিতে সাম্প্রতিক অগ্রসরণ সম্বন্ধে এক উৎসুক শ্রোতৃমণ্ডলীর সামনে বক্তৃতা দেন। অধ্যাপক সিংহের কাছে এই বিভাগ এই কারণে বিশেষ কৃতজ্ঞ যে তিনি তাঁর ভেরিয়েব্‌ল এনার্জি সাইক্লোট্রন সেণ্টারটি বিভাগের স্নাতকোত্তর ছাত্রদের হাই এনার্জি ফিজিক্স বিশেষ পত্রের প্রোজেক্ট ওয়ার্কের জন্য ব্যবহার করতে দিয়েছেন।

পূর্ণ সূর্যগ্রহণের ঠিক আগে পোজিশানাল এ্যাস্ট্রোনমি সেণ্টারের অধ্যাপক অমলেন্দু বন্দ্যোপাধ্যায় একটি খুবই জনমনোরঞ্জক বক্তৃতা দেন। ২৪শে অক্টোবর এই বিভাগ সূর্যগ্রহণের সময় পূর্ণগ্রাস পর্যবেক্ষণেরও ব্যবস্থা করে। এই বিভাগের শিক্ষক ও ছাত্রদের একটি দল বজবজে ক্যালকাটা পোর্ট ট্রাস্ট-প্রদত্ত একটি স্থানে যায় এবং সেখানে একটি digital sensor ব্যবহার ক'রে গ্রহণের সময়ে, তার আগে এবং পরে তাপমাত্রার তারতম্য লিপিবদ্ধ করে। এই বিভাগের একজন শিক্ষক, ডঃ দেবপ্রিয় শ্যাম প্রেসিডেন্সি কলেজের নিউক্লিয়ার ফিজিক্স ল্যাবরেটরির একটি গামা রে ডিটেক্টর নিয়ে সূর্যগ্রহণের সময়ে গামা রশ্মির তীব্রতার তারতম্য পরিমাপ করার জন্য সাহা ইনস্টিটিউট অফ্ নিউক্লিয়ার ফিজিক্সের দলের অন্তর্ভুক্ত হন। এই বিভাগেরই দুজন ছাত্র সূর্যগ্রহণের সময়ে পুরুলিয়ায় যায় এবং পূর্ণগ্রাসের সময়ে আলোকোজ্জ্বলতার তারতম্য এবং তাপমাত্রার উপর তার প্রভাব লিপিবদ্ধ করে। এই বিভাগ ক্যালকাটা পোর্ট ট্রাস্টের কাছে কৃতজ্ঞ বজবজে সূর্যগ্রহণ পরিদর্শনের স্থান প্রদানের জন্য এবং প্রেসিডেন্সি কলেজের ভূতত্ত্ব বিভাগের কাছে কৃতজ্ঞ তাদের বাসটি ব্যবহার করতে দেওয়ার জন্য।

ইণ্ডিয়ান ফিজিক্স অ্যাসোসিয়েসনের কলকাতা শাখার পঞ্চবিংশতি বৎসর উদ্‌যাপন উপলক্ষে একটি দুদিনব্যাপী আলোচনাচক্র সংগঠিত হয়েছিল। প্রেসিডেন্সি কলেজে স্যার জগদীশচন্দ্র বসুর মাইক্রোওয়েভ সঞ্চালনের শতবর্ষ উদ্‌যাপন এবং রণ্টজেনের রঞ্জনরশ্মি আবিষ্কারের শতবর্ষ উদ্‌যাপন উপলক্ষে দুটি আমন্ত্রিত বক্তৃতার আয়োজন করা হয়েছিল। বিভাগের পক্ষ থেকে একবিংশ শতাব্দীতে পদার্থবিদ্যার জীবিকাগত সম্ভাবনা বা কেরিয়ার প্রস্‌পেক্‌টস সম্বন্ধে একটি আলোচনাচক্রও সংগঠিত হয় যাতে নানা

গবেষণা প্রতিষ্ঠান এবং বিশ্ববিদ্যালয় থেকে বিশ্রুত পদার্থবিদ্যাবিদরা অংশ গ্রহণ করেছিলেন। শেষে একটি প্রযুক্তিগত অধিবেশন বসে যাতে কলকাতা অঞ্চলের তরুণ বিজ্ঞানীরা তাঁদের গবেষণাকর্ম সম্পর্কে প্রতিবেদন পেশ করেন। বিভাগ এই দুদিনব্যাপী আলোচনাচক্রের আর্থিক সহায়তা দানের জন্য দি সাহা ইনস্টিটিউট অফ্ নিউক্লিয়ার ফিজিক্স, দি ভেরিয়েবল এনার্জি সাইক্লোট্রন সেণ্টার, দি ইণ্ডিয়ান ফিজিক্স অ্যাসোসিয়েসন এবং দি সত্যেন্দ্রনাথ বোস ন্যাশনাল সেণ্টার ফর বেসিক সায়েন্সেসকে ধন্যবাদ জ্ঞাপন করতে চায়।

E-mail-এর প্রবর্তনের জন্য এই বিভাগ যে প্রস্তাব পেশ করেছিল দি অল ইণ্ডিয়া কাউন্সিল অফ্ টেকনিকাল এডুকেশন তা অনুমোদন করেছে এবং তার জন্য আর্থিক সহায়তারও প্রতিশ্রুতি দিয়েছে। প্রেসিডেন্সি কলেজকে বিশ্বের অবশিষ্টাংশের সঙ্গে Internet-এর মধ্য দিয়ে যুক্ত করার একটি প্রস্তাব রয়েছে যার ফলে এই অগ্রগণ্য শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকমণ্ডলী বিশ্বের বিভিন্ন অংশের বিশ্ববিদ্যালয়, গ্রন্থাগার, পত্রপত্রিকার সঙ্গে দ্রুত এবং অপেক্ষাকৃত কম খরচে আদানপ্রদান করতে পারবে।

## প্রাণিবিদ্যা বিভাগ

অন্যান্য বৎসরের মত এ বৎসরেও আমাদের প্রাণিবিদ্যা বিভাগের ঐতিহ্য বজায় রেখে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাগুলিতে ছাত্রছাত্রীরা কৃতিত্বের পরিচয় দিয়েছে। আমাদের পূর্ণাঙ্গ স্নাতকোত্তর বিভাগের অস্তিত্ব চতুর্থ বৎসর অতিক্রম করে গেল। ১৯৯৫ জুড়ে আমাদের বিভাগের কর্মধারার সংক্ষিপ্ত সালতামামি এ'রকম —

ক) পরীক্ষার ফলাফল

| | | ১ম শ্রেণী | ২য় শ্রেণী | মোট |
|---|---|---|---|---|
| স্নাতক স্তর | পার্ট ওয়ান— | ৬ | ৪ | ১০ |
| ” | পার্ট টু— | ৩ | ৬ | ৯ |
| স্নাতকোত্তর স্তর | পার্ট ওয়ান— | ১১ | ৯ | ২০ |
| ” | পার্ট টু— | ১০ | ৬ | ১৬ |

স্নাতকোত্তর শ্রেণী সম্বন্ধে বক্তব্য : স্নাতকোত্তর শ্রেণী সম্বন্ধে গত বছরের মত এবছরও আমাদের একই কথার পুনরাবৃত্তি করতে হয়। অর্থাৎ আমাদের বিভাগীয় শিক্ষকদের যতদিন না স্নাতকোত্তর জুলজি কাউন্সিলে অন্তর্ভুক্তি ঘটছে এবং আমাদের সর্বাঙ্গীন পরিকাঠামো বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদা বিভাগের সমতুল্য হচ্ছে ততদিন আমরা স্নাতকোত্তর শ্রেণীর ফলাফলকে উল্লেখযোগ্য করে তুলতে পারব না।

(খ) পঠন-পাঠন : অন্যান্য বছরের মত এবছরও পঠন-পাঠনের দায়িত্ব বিভাগীয় শিক্ষকগণ যত্নের সঙ্গে সম্পন্ন করেছেন। এ বছরও কলেজের দুইটি অবকাশকালীন দিনগুলোতে এঁরা বিশেষ ক্লাসের ব্যবস্থা করে পুনর্পাঠন করিয়েছেন এবং স্নাতকোত্তর শ্রেণীর ক্লাসও নিয়মিত নিয়েছেন। এ বছর কলেজে চালু একাডেমিক ক্যালেণ্ডার অনুযায়ী আরও সুষ্ঠুভাবে পঠন-পাঠন রূপায়ন করা সম্ভব হয়েছে বলে শিক্ষক, ছাত্র এবং অভিভাবক নির্বিশেষে আমরা সকলে খুব খুশী।

(গ) সেমিনার ও শিক্ষামূলক ভ্রমণ : গতবছর গ্রন্থাগার প্রসঙ্গে আমরা যে পরিকল্পনার কথা বলেছিলাম অর্থাৎ স্নাতকোত্তর স্তরের স্পেশাল পেপার অনুযায়ী আলাদা সেমিনার কর্ণার আমরা তৈরী

করব তা আমরা এখনও করে উঠতে পারিনি। তবে প্রচুর আধুনিক এবং সময়োপযোগী ভাল ভাল বই আমরা কিনতে পেরেছি। পুনরায় আমরা জানাতে চাই যে আমাদের বিভাগের জন্য বিশ্ববিদ্যালয়-নির্দেশিত একজন সেমিনার-লাইব্রেরিয়ান চাই। নচেৎ এ কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হবে না।

ডঃ দিলীপ চক্রবর্ত্তীর তত্ত্বাবধানে "স্পন্দন" দেওয়াল পত্রিকা স্পন্দিত হয়ে চলেছে। কিন্তু এ ধারা বজায় রাখতে হলে বিভাগের ছাত্রছাত্রীদের লেখা দেবার ব্যাপারে আরো তৎপরতা দরকার। এ বছর বিভাগে ২টি সেমিনার লেকচার হয়েছে। যথারীতি স্নাতক ও স্নাতকোত্তর স্তরের ছাত্রছাত্রীদের নিয়ে কলকাতা ও তার পার্শ্ববর্ত্তী অঞ্চলে বিভিন্ন প্রতিষ্ঠানে বিভাগীয় শিক্ষকগণ এ বছরও কিছু শিক্ষামূলক ভ্রমণ সম্পন্ন করেছেন।

বিভাগীয় শিক্ষকগণ এ বৎসরও কলকাতা এবং অন্যান্য বিশ্ববিদ্যালয়ের প.ব. ফরেস্ট সার্ভিস এবং সিভিল সার্ভিস ইত্যাদি পরীক্ষা-সংক্রান্ত কাজে অংশ নিয়েছেন। বিভাগে গবেষণামূলক কাজের ধারা অব্যাহত আছে। বিভাগীয় শিক্ষকবৃন্দ, আমন্ত্রিত শিক্ষক-গবেষকগণ ও রিসার্চ স্কলারগণ এ বছরে যা গবেষণাপ্রসূত নিবন্ধ, বৈজ্ঞানিক গ্রন্থ বা নিবন্ধ প্রস্তুত করে প্রকাশ করেছেন বা প্রকাশের জন্য যথাস্থানে জমা দিয়েছেন তার পৃথক তালিকা দেওয়া হল। বিভিন্ন শিক্ষকগণের গবেষণা-প্রকল্পের তালিকাও পৃথকভাবে দেওয়া হল।

এ বছর বিভাগীয় শিক্ষক ডঃ ভানুচন্দ্র নন্দী তাঁর মৌলিক গবেষণার স্বীকৃতিস্বরূপ জুলজিক্যাল সোসাইটি কলিকাতা এবং জুলজিক্যাল সোসাইটি, ইণ্ডিয়া-কর্ত্তৃক ফেলো নির্বাচিত হয়েছেন। এ বছর তিনি বর্ধমান বিশ্ববিদ্যালয়ে ডি. এস. সি-র গবেষণাপত্র জমা দিয়েছেন।

ডঃ নির্মলচন্দ্র সরকার এ বৎসর "রক্ত পরীক্ষা" সম্বন্ধে এবং ধৃতি ব্যানার্জী (রিসার্চ স্কলার) "Medical importance of Chilli"-র উপর বেতার ভাষণ দিয়েছেন।

গত ২৪শে এবং ২৫শে মার্চ জুলজিক্যাল সোসাইটি, কলিকাতা কর্তৃক আয়োজিত National symposium on "Perspective in Biodiversity"-তে অংশ নেন বিভাগীয় শিক্ষকগণ : ডঃ সুজিত দাশগুপ্ত, ডঃ দিলীপ চক্রবর্ত্তী, ডঃ দীপকরঞ্জন মণ্ডল, ডঃ রূপেন্দু রায়, ডঃ প্রবাল দে, ডঃ ভানুচন্দ্র নন্দী, ডঃ সুমিত হোমচৌধুরী ও ডঃ নির্মলকুমার সরকার। ডঃ দেবপ্রসাদ চক্রবর্ত্তী গত ২১.৮.৯৫ ২২.৮.৯৫ এবং ১৮.৯.৯৫ তারিখে উচ্চশিক্ষা বিভাগ, দূরদর্শন-কর্ত্তৃক সম্প্রসারিত "Question time (Series) Programme of U.G.C"-তে বিশেষজ্ঞ হিসেবে অংশগ্রহণ করেন। এ ছাড়াও তিনি গত ২১-২৩শে জুন, ১৯৯৫ জাতীয় মুক্ত বিদ্যালয়, নয়াদিল্লী-কর্তৃক আমন্ত্রিত হয়ে উচ্চমাধ্যমিক স্তরে জীববিজ্ঞানের সিলেবাস পরিবর্তন-সংক্রান্ত আলোচনায় এবং টিউটার সিলেক্সান কমিটিতে বিশেষজ্ঞ হিসেবে যোগদান করেন। ডঃ সুমিত হোমচৌধুরি এ বছর কলিকাতা জুলজিক্যাল সোসাইটির কার্যকরী পরিষদের সদস্য নির্বাচিত হয়েছেন। তিনি Birla Industrial & Technological Museum-কর্তৃক আয়োজিত সায়েন্স সেমিনারে বিচারক হিসেবেও অংশ গ্রহণ করেছেন। ডঃ দিলীপ চক্রবর্ত্তী ২০-২২শে সেপ্টেম্বর '৯৫ বাঙ্গালোরে অনুষ্ঠিত 'Vth National Symposium on Acarology'-তে অংশগ্রহণ করেন। এছাড়াও ডঃ ত্রিলোচন মিদ্যা এবং ডঃ ভানুচন্দ্র নন্দী ২৬-২৮শে সেপ্টেম্বর বর্ধমান বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত নবম সর্বভারতীয় প্রাণিবিদ্যা সম্মেলনে অংশগ্রহণ করেছেন। কলকাতায় অনুষ্ঠিত প.ব. রাজ্য বিজ্ঞান কংগ্রেসের ২য় বার্ষিক সম্মেলনে অংশ নেন বিভাগের রিসার্চ স্কলার ধৃতি ব্যানার্জী সহ ডঃ নির্মল কুমার সরকার এবং ডঃ ভানুচন্দ্র নন্দী। ডঃ পীযূষকান্তি সাহা বিদ্যাসাগর মহিলা কলেজে অনুষ্ঠিত আলোচনাচক্র "Dynamics of Ecology" তে যোগদান করেন।

গত বছরের মত আমাদের আরও একজন শিক্ষক ডঃ পীযুষকান্তি সাহা, বিশেষ ব্যবস্থায় বিধাননগর সরকারী কলেজে পোস্টিং পেয়ে আমাদের বিভাগে পূর্ণাঙ্গভাবে কাজে যোগদান করেছেন। বর্তমানে আমাদের পূর্ণাঙ্গ শিক্ষক সংখ্যা দাঁড়িয়েছে ১৩। এছাড়াও এ বছর আমাদের বিভাগে একজন মাত্র চতুর্থ শ্রেণীর কর্মচারী শ্রী শিবু হাঁসদা যোগদান করেছেন। আবার আমাদের বহুদিনের পুরাতন একনিষ্ঠ কর্মচারী শ্রী সতীশচন্দ্র পাত্র গত জুলাই মাসে অবসর গ্রহণ করেছেন।

## বাংলা বিভাগ

বাংলা বিভাগের ইতিহাসে এবার দুটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ ঘটনা ঘটেছে। প্রথম—এতদিনের সুপ্রাচীন ঐতিহ্যমণ্ডিত মেন বিল্ডিং ছেড়ে আমরা ১লা সেপ্টেম্বর ১৯৯৫ চলে এসেছি কলেজের একেবারে শেষ প্রান্তে ডিরেজিও হলের সম্মুখবর্তী 'নেতাজী সুভাষ ভবন'-নামাঙ্কিত নতুন বাড়িতে, সঙ্গে নিয়ে এসেছি এক বিষণ্ণ স্মৃতিভারাতুরতা আর দীর্ঘশ্বাস। সেই উঁচু সিলিং আর আলো-হাওয়ায় ভরা অভিজাত অতীত ছেড়ে আমরা চলে এসেছি নিশ্চরিত্র, তাপময় এক কংক্রিট-কঠোর বর্তমানে। দ্বিতীয়—৮ই ও ৯ই ডিসেম্বর বাংলা বিভাগের সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন। প্রস্তুতি যে খুব দীর্ঘ ও নিশ্ছিদ্র ছিল তা বলা যায় না, তবু অধ্যাপক ও ছাত্রছাত্রীদের ঐকান্তিক প্রযত্নে ও প্রয়াসে আমাদের উৎসব আশাতীত সাফল্য অর্জন করেছে, উপস্থিত দর্শকদের মুগ্ধ বিস্ময় আকর্ষণ করেছে। তবে এক্ষেত্রে ত্রুটিবিচ্যুতি অবশ্যই হয়েছে, যার মূলে রয়েছে আমাদের অনভিজ্ঞতা ও আগ্রহী কর্মীর স্বল্পতা। প্রাক্তন ছাত্রছাত্রীদের অনেকের সঙ্গেই আমরা যোগাযোগ স্থাপন করে উঠতে পারি নি। পেশাদার শিল্পীদের প্রাধান্য দিতে গিয়ে ছাত্রছাত্রীদের স্বাভাবিক ক্ষমতার অভিব্যক্তিকে আমরা গৌণ করেছি। প্রতিদিনের অনুষ্ঠান শেষ হতে বেশ দেরিও হয়ে গিয়েছে। উৎসব উপলক্ষে নেতাজী সুভাষ ভবন ১ তলার সিঁড়ি ধরে ৩ তলায় বাংলা বিভাগ পর্যন্ত মেঝে সুদৃশ্য আলপনায় ও দেওয়াল সোলার মনোরম অলঙ্করণে সজ্জিত করা হয়েছিল। প্রধান উৎসব-প্রাঙ্গণ তথা অনুষ্ঠানস্থল ছিল মাঙ্গলিক সজ্জায় শোভিত ডিরেজিও হল। ৮ই ডিসেম্বর দুপুর ১টায় সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উৎসবের সূচনা হয়। অধ্যাপক অমিতাভ ঘোষের পরিচালনায় বাংলা বিভাগের ছাত্রছাত্রীদের সমবেত কণ্ঠে 'মহাবিশ্বে মহাকাশে' উদ্বোধনী সঙ্গীতের আশ্চর্য সুরমূর্ছনা এক ভাবগম্ভীর পরিবেশ সৃষ্টি করার পর আমাদের কলেজের অধ্যক্ষ ডঃ অমলকুমার মুখোপাধ্যায় প্রদীপ জ্বালিয়ে উৎসবের উদ্বোধন করেন। তারপর স্বাগত ভাষণ দেন বাংলার বিভাগীয় প্রধান ও সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন সমিতির সভাপতি অধ্যাপক অরুণকুমার ঘোষ। তারপর ভাষণ দেন আমাদের অধ্যক্ষ। অনুষ্ঠান শুরু হয় 'শিল্পে ও সাহিত্যে আধুনিকতা'-বিষয়ক একটি আলোচনাসভা দিয়ে। আলোচনায় অংশগ্রহণ করেন কথাসাহিত্যিক দেবেশ রায় ও শৈবাল মিত্র, চিত্রসমালোচক প্রণবরঞ্জন রায়, চলচ্চিত্রের আলোচক সত্যজিৎ চৌধুরী। আলোচনা-সভাটি পরিচালনা করেন অধ্যাপক অরুণকুমার ঘোষ। নানা ব্যতিক্রমী তথা বিতর্কিত অনুধাবনে উদ্দীপক ও উত্তেজক হয়ে ওঠে আলোচনা। তারপর দীর্ঘ সময় ধরে মঞ্চ অধিকার করে থাকেন জনপ্রিয় গায়ক সুমন চট্টোপাধ্যায়। 'সঙ্গীতে আধুনিকতা', এই ছিল তাঁর অতি দীর্ঘ আলোচনার বিষয়। আলোচনার মাঝে মাঝেই দৃষ্টান্তস্বরূপ আশ্চর্য সুরেলা কণ্ঠে তিনি গেয়ে শোনান নানাধরনের গানের কয়েকটি করে কলি। শেষে শ্রোতাদের পক্ষ থেকে প্রশ্নের মুখোমুখি হয়ে তাঁর মঞ্চসচেতন সপ্রতিভতা আবারও প্রকট হয়ে ওঠে। এরপর বাংলা বিভাগের ছাত্রছাত্রীরা 'বাংলা গানের ধারা' শীর্ষক শ্রুতিনন্দন অনুষ্ঠান নিয়ে মঞ্চে উপস্থিত হয়। সঙ্গীত পরিচালনা করেন

অধ্যাপক অমিতাভ ঘোষ। ধারাভাষ্য রচনা ও পাঠ করেন অধ্যাপক অরুণকুমার ঘোষ। এরপর রমা মণ্ডল, বিশ্রুত রবীন্দ্র সঙ্গীত গায়িকা, উপস্থিত হন মঞ্চে। বেশ কয়েকটি গান তিনি গেয়ে শোনান আশ্চর্য মধুর সুরঝঙ্কৃত কণ্ঠে। শেষে পুরুলিয়ার ছৌ নাচের দল ক্ষিপ্র দেহসঞ্চালন ও বলিষ্ঠ লোকনৃত্যভঙ্গি নিয়ে সকলের মুগ্ধ বিস্ময় আকর্ষণ করার সঙ্গে সঙ্গে প্রথম দিনের অনুষ্ঠান শেষ হয়। দ্বিতীয় দিনের অনুষ্ঠানের শুরু হয় দুপুর ১২টায় বাংলা বিভাগের প্রাক্তন ছাত্রছাত্রীদের পুনর্মিলন উৎসব দিয়ে। অনেক কৃতী ছাত্রছাত্রী, সুপরিচিত শিল্পী, চিন্তাবিদ্, উপস্থিত হয়েছিলেন ঐ উৎসবে। বাংলা বিভাগের ঘরেই অনুষ্ঠিত হয় ঐ উৎসব। শেষে সামান্য জলযোগের আয়োজন ছিল। তারপর পৌনে দুটোয় ডিরোজিও হলে আবার শুরু হয় অনুষ্ঠান। মঞ্চে উপস্থাপিত হয় রেখা মৈত্রের পরিচালনায় মনোজ্ঞ উদ্বোধনী নৃত্য। তারপর হার্দ্য কথালাপের মাঝে মাঝেই রবীন্দ্রনাথ ও জীবনানন্দের কবিতার সংবেদী আবেগস্পন্দিত আবৃত্তি গেঁথে নিয়ে মঞ্চে উপস্থিত হন শাঁওলী মিত্র। অতঃপর রাজশ্রী ভট্টাচার্য সকলকে মুগ্ধ করেন তাঁর দরদী কণ্ঠে গীত কয়েকটি রবীন্দ্রসঙ্গীত দিয়ে। তারপর মঞ্চে আসেন শান্তনু রায়চৌধুরী তাঁর বিচিত্র বাংলা গানের ডালি নিয়ে। তাঁর কণ্ঠে 'আ মরি বাংলা ভাষা' গানটি আমাদের অন্তরসত্তার গহন উচ্চারণ হয়ে ওঠে। পল্লব কীর্তনীয়ার গানের পর মঞ্চস্থ হয় রেখা মৈত্রের পরিচালনায় বাংলা বিভাগের ছাত্রীদের দীর্ঘ নৃত্যনাট্য, রবীন্দ্রনাথের চণ্ডালিকা, শ্যামা ও চিত্রাঙ্গদার অংশবিশেষ নিয়ে গেঁথে তোলা রবীন্দ্রনাথের 'তিন কন্যা'। অপূর্ব নৃত্যকৌশলে এবং নারীকণ্ঠের গায়ন নৈপুণ্যে প্রকৃতই নান্দনিক উৎকর্ষ লাভ করে অনুষ্ঠানটি। সবশেষে লোকপ্রিয় গানের উপচার নিয়ে মঞ্চে আসেন স্ত্রী উত্তরা চৌধুরীর সঙ্গে সুপরিচিত গায়ক উৎপলেন্দু চৌধুরী। রবীন্দ্রসঙ্গীত দিয়ে শুরু হয় তাঁদের অনুষ্ঠান, শেষ হয় বেশ কয়েকটি লোকগীতির লঘু সহজরম্য রূপায়ণ দিয়ে। দ্বিতীয় দিনের অনুষ্ঠানের তথা সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উৎসবের যবনিকাপাত হয় বিভাগীয় প্রধান অধ্যাপক অরুণকুমার ঘোষের সকলকে ধন্যবাদজ্ঞাপনের মধ্য দিয়ে।

উৎসবের এই আলোকোজ্জ্বলতা বিভাগের বর্তমান রিক্ততার অন্ধকারকে কিছুতেই ঢাকতে পারে না। ডঃ করুণাময় মজুমদারের মতো অসাধারণ অধ্যাপকের অবসর গ্রহণের পর এখন বিভাগের নটি অধ্যাপকপদের মধ্যে চারটিই শূন্য। অচিরেই আরও দুটি পদ শূন্য হবে। পঠনপাঠন কি পরিমাণে এতে ব্যাহত হচ্ছে তা সহজেই অনুমেয়।

তবু বাংলা বিভাগের বিশ্ববিদ্যালয়-পরীক্ষার ফল এবারও বেশ ভালোই হয়েছে। বি.এ পার্ট টু সাম্মানিক বাংলা পরীক্ষায় পরীক্ষার্থী ছিল ১৮ জন, শেষ পর্যন্ত পরীক্ষা দিয়েছে ১৭ জন। তিনজন প্রথম শ্রেণীর অনার্স পেয়েছে। দ্বিতীয় শ্রেণীর অনার্স পেয়েছে ১৪ জন। পার্ট ওয়ান পরীক্ষা দিয়েছে ২০ জন। প্রথম শ্রেণীর অনার্সের নম্বর পেয়েছে ১ জন। বাকি ১৯ জন দ্বিতীয় শ্রেণীর অনার্সের নম্বর পেয়েছে। তবে ১ জন পেয়েছে ২৩৯, আর ১ জন পেয়েছে ২৩৮, ২ জন পেয়েছে ২৩৬।

গত ১৭ই ডিসেম্বর সাম্মানিক বাংলার প্রথম বার্ষিক শ্রেণীর ছাত্রী শাশ্বতী পোদ্দারের আত্মঘাতী মৃত্যুর করুণতা আকস্মিক শোকে আমাদের বিহ্বল করেছে। প্রয়াত কবি শক্তি চট্টোপাধ্যায় যাঁর স্বজ্ঞাদীপিত কাব্যোচ্চারণ সংবেদী কাব্যপাঠককে আশ্চর্য অভিঘাতে নন্দিত করেছে, আমাদের বাংলা বিভাগেরই ছাত্র ছিলেন। তাঁর মৃত্যু তাই আমাদের বিশেষভাবেই ব্যথিত করেছে।

২৭ শে মার্চ মেন বিল্ডিং-এর ২২ নং ঘরে কবি শক্তি চট্টোপাধ্যায়ের স্মৃতিতে যে স্মরণসভা হয় তা পরিচালনা করেন বিভাগীয় প্রধান অধ্যাপক অরুণকুমার ঘোষ। কবি শক্তির স্রষ্টামানসতা ও

সৃষ্টির স্বাতন্ত্র্য বিশ্লেষণ ক'রে তাঁর চারটি কবিতা পাঠ করেন তিনি ঐ সভায়। তার আগেই বিভাগীয় অধ্যাপক দেবদাস জোয়ারদার মৃত কবির একটি কবিতা পাঠ করে সহপাঠীর স্মৃতিচারণ করেন। ৩০ শে অগাষ্ট বিভাগীয় প্রধানের পরিচালনাতেই অনুষ্ঠিত হয় একটি স্মরণীয় আলোচনাচক্র, যাতে পঞ্চাশের দশকের এক অগ্রগণ্য কবি অলোকরঞ্জন দাশগুপ্ত তাঁর লেখা অনেকগুলি কবিতা পাঠ করেন, তারই সঙ্গে আশ্চর্য অন্তরঙ্গ ভঙ্গিতে গেঁথে দেন তার নিজের কবিতা এবং সাধারণভাবেই কবিতা সম্পর্কে নানা উন্মোচক অনুধাবন।

বিভাগীয় প্রধান অধ্যাপক অরুণকুমার ঘোষ কলকাতা বিশ্ববিদ্যালয়ের বঙ্গভাষা ও সাহিত্য বিভাগ-কর্তৃক আয়োজিত দুটি রিফ্রেশার কোর্সে রিসোর্স পার্শন হিসেবে ক্লাস নেন। প্রথমটি ১৯৯৫ এর ১১—৩১ শে জানুয়ারী এবং দ্বিতীয়টি ২৪ শে নভেম্বর—১৫ ই ডিসেম্বর অনুষ্ঠিত হয়। প্রথমটিতে অধ্যাপক ঘোষের বিষয় ছিল— 'আধুনিক বাংলা কবিতা : শব্দ-নৈঃশব্দ্যের গ্রন্থনে', 'দ্বিতীয়টিতে তার বিষয় ছিল, 'আধুনিক বাংলা সাহিত্যে মধ্যযুগীয় বাংলা কাব্যের প্রবর্তনা'।

কলকাতার টেগোর রির্সাচ ইনস্টিটিউটে অধ্যাপক দেবদাস জোয়ারদার 'রবীন্দ্র সাহিত্য ও শাক্তগীতি, বিষয়ে দীনবন্ধু এণ্ড্রুজ স্মারক বক্তৃতা দেন। ঐ ইনস্টিটিউটেই অনুষ্ঠিত দুই বাংলার রবীন্দ্রচর্চা সম্মেলনে 'রবীন্দ্রনাথের ধর্মভাবনা'-বিষয়ক আলোচনায় মূল প্রবন্ধ পাঠ করেন তিনি।

অধ্যাপক হীরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় রবীন্দ্র পাঠচক্রে 'রবীন্দ্র সাহিত্য পাঠ' বিষয়ে বক্তৃতা দেন এবং নৈহাটি টাউন হলে কথাশিল্পী সমরেশ বসুর ৭২তম জন্মদিন উদ্‌যাপনে প্রধান বক্তা হিসেবে সমরেশ বসুর সাহিত্য আলোচনা করেন। আকাশবাণী কলকাতা থেকে সম্প্রচারিত হয় তাঁর দুটি মৌলিক নাটক। দূরদর্শনের মহালয়া উপলক্ষে বিশেষ প্রভাতী অনুষ্ঠানের চিত্রনাট্য রচনা করেন তিনি। পত্রপত্রিকায় প্রকাশিত হয়েছে তাঁর বেশ কয়েকটি ছোট গল্প ও দুটি উপন্যাস।

## ভূগোল বিভাগ

এই্‌ শিক্ষাবর্ষে বি.এস.সি পার্ট ওয়ান পরীক্ষার ফল শোচনীয়। ১৯ জন ছাত্রছাত্রীর কেউই ১ম শ্রেণী পায়নি, বোধ হয় বলা উচিত পেতে দেওয়া হয়নি। এবারে বিশ্ববিদ্যালয়ে মাত্র ১১ জন ১ম শ্রেণীর অনার্স-নম্বর পেয়েছে। গতবারে সংখ্যাটা ছিল ৮৫ জন। কিন্তু সেটা কোনই সান্ত্বনা নয়। যোগ্যতার বিচার হয়নি। কলেজের টেষ্ট পরীক্ষার ফলের যদি কিছুমাত্র মূল্য থাকে তাহলে অন্ততঃ ৬ জনের ১ম শ্রেণীর অনার্স-নম্বর ও আরও ৭ জনের ৫৫ শতাংশের বেশী নম্বর পাওয়ার কথা। সেখানে বিশ্ববিদ্যালয়ে এদের ৬জন মাত্র ৫৪% এর বেশী নম্বর পেয়েছে। রিভিউয়ে নম্বর কমে না, কিন্তু গতবারে কমেছিল, কমার ঝুঁকি থাকলেও এরা সবাই প্রতিটি পত্র পুনর্মূল্যায়নের জন্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কাছে আবেদন জানিয়েছে। বি. এস. সি পার্ট টু পরীক্ষায় ২০ জনের মধ্যে ৮ জন ১ম শ্রেণী পেয়েছে। এম. এস. সি পার্ট টু-তে ৪ জনের মধ্যে ২ জন পরীক্ষা দেয় এবং ২ জনই ১ম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। ১ জন চলে যায় জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ে এবং সেখানে সে ১ম শ্রেণী পেয়েছে। আর ১ জন চলে গেছে মার্কিন যুক্তরাষ্ট্রের সিনসিনাটি বিশ্ববিদ্যালয়ে।

কলেজের অন্যান্য বিভাগগুলির তুলনায় ভুগোল বিভাগে সাপ্তাহিক ক্লাসের সংখ্যা কম। ভুগোলের নতুন পাঠক্রমে আরও বেশী ক্লাসের প্রয়োজন দেখা দিয়েছে। নতুন পাঠক্রমের ত্রুটি বিচ্যুতি, ক্লাসের

অপ্রতুলতা, উপযুক্ত বইয়ের ও শ্রেণীকক্ষের অভাব ইত্যাদি বিষয়ে আমরা একটি জরুরী আলোচনার সূত্রপাত করি। বিভিন্ন কলেজের শিক্ষক-শিক্ষিকারা ৫ই আগষ্ট শনিবার ঐ আলোচনায় সাগ্রহে যোগদান করেন। আমাদের কলেজের সমস্যা বেশী—যদিও কোথাও সমস্যা কাটিয়ে ওঠার জন্য আমাদের মত গ্রীষ্ম ও শরতের অবকাশের দিনগুলিতে বিশেষ ক্লাস নেওয়া হয় না; কোনও অ্যাকাডেমিক ক্যালেণ্ডারও অনুসরণ করা হয় না। অবশ্য তাদের ১ম বর্ষের ক্লাস আমাদের অনেক আগেই, শুরু হয়ে যায়।

ভুগোলের ব্যবহারিক ক্ষেত্র-শিক্ষণের জন্য ২য় বর্ষের ছাত্রছাত্রীদের নিয়ে ৩-১৬ই অক্টোবর অধ্যাপক নীরেন সেন, অধ্যাপক গুরুপ্রসাদ চট্টোপাধ্যায়, শ্রী সুধাশুশেখর দাশ ও শ্রী জয়দেব দাশ, হিমাচল প্রদেশের কুলু-মানালি-জগৎসুখ গ্রাম, লাহুল স্পিটি ও সিমলা সফর করেন। প্রাকৃতিক ও সাংস্কৃতিক দৃশ্যপটের মধ্যে সম্বন্ধ, মানুষের জীবনধারার বৈচিত্র্য, ভূমি ব্যবহার ইত্যাদির বিভিন্ন পন্থায় সমীক্ষা ভুগোল ক্ষেত্র-শিক্ষণের আবশ্যিক অঙ্গ। একটি পন্থা বাড়ি বাড়ি গিয়ে অনুসন্ধান চালানো। এবারে কলেজের ক্যাম্পাস ডাইভার্সিটি ইনিশিয়েটিভ কমিটির অনুরোধে আমরা ক্ষেত্র-শিক্ষণের অঙ্গ হিসাবে হিমাচলবাসীদের জীবনের বৈচিত্র্য ও ঐক্যের দিকটি ঐ ভাবেই অনুসন্ধান করি। ভুগোল শিক্ষার্থীদের কাছে এ ধরনের অনুসন্ধান চালানো কিছু নতুন নয়, ভুগোল বিভাগের জন্মলগ্ন থেকেই এটা হয়ে আসছে। ষাটের দশকের গোড়ায় আমাদের ভূগোল বিভাগের শিক্ষকবৃন্দ ও ছাত্রছাত্রীরা ঐভাবে সমীক্ষা চালিয়ে ফোর্ড ফাউণ্ডেশন ও সি. এম. পি. ওকে ক্যালকাটা মেট্রোপলিটান এরিয়া ডিলিমিটেশন এবং বেসিক ডেভেলপমেণ্ট প্ল্যান রচনা করতে সাহায্য করেছিল।

নতুন করে শুরু পাস কোর্সের ছাত্রছাত্রীদের ক্ষেত্র-শিক্ষণের জন্য শান্তিনিকেতন আশ্রম ও তৎসন্নিহিত এলাকা বেছে নেওয়া হয়। নভেম্বর মাসের শেষে এই সফরে যান অধ্যাপক নীরেন সেন, অধ্যাপক হরেকৃষ্ণ দত্ত, শ্রী বীরেন বন্দ্যোপাধ্যায় ও শ্রী সুধাংশুশেখর দাশ। মাত্র তিন দিনের সফরে নানা অজানা বিষয়ে জানা গেছে।

শুক্রবার ১৩ জানুয়ারী প্রাক্তন অধ্যাপক (অধুনা মার্কিন যুক্তরাষ্ট্র-প্রবাসী) ডঃ সত্যকাম সেন ভুগোল বিভাগে হঠাৎ আসেন এবং আমাদের অনুরোধে মার্কিন যুক্তরাষ্ট্রে পরিবেশচেতনা ও তাঁর বিচিত্র অভিজ্ঞতা বিষয়ে একটি মনোজ্ঞ ভাষণ দেন। ৩০ শে জানুয়ারী প্রথম বর্ষের ছাত্রছাত্রীদের নবীনবরণ ও তৃতীয় বর্ষের ছাত্রছাত্রীদের বিদায়-সম্বর্ধনা উৎসব অনুষ্ঠিত হয়। জিওগ্রাফিকাল ইনস্টিটিউটের বার্ষিক পুনর্মিলন উৎসব এখনও করা যায়নি। মনে হয় ১৯৯৬-এর ফেব্রুয়ারিতে করা যাবে। খুব শীঘ্রই আমাদের দেওয়াল পত্রিকা Traverse প্রকাশিত হবে।

বিদ্যাসাগর দিবস উপলক্ষে প্রেসিডেন্সি কলেজের কর্মী সাংস্কৃতিক সংস্থা প্রাক্তন অধ্যাপক ও বিভাগীয় প্রধান অমিয়ভূষণ চট্টোপাধ্যায়কে এবং প্রাক্তন শিক্ষাকর্মী শ্রী সুধীরকুমার মাইতিকে সম্বর্ধনা জ্ঞাপন করে।

Indian Institute of Social Welfare and Business Management-এ অধ্যাপক নীরেন সেন Environmental Management বিষয়ে ক্লাস নিচ্ছেন। নবপ্রবর্তিত আই. এ. এস ট্রেনিং সেণ্টারে অধ্যাপক নীরেন সেন ও অধ্যাপক ত্রিদিব চট্টোপাধ্যায় নিয়মিত ক্লাস নিচ্ছেন। ডিসেম্বর ৯-১০ তারিখে 7th International Adventure Film Festival এবং 8th All India Mountaineering Workshop-এ অধ্যাপক গুরুপ্রসাদ চট্টোপাধ্যায় অংশগ্রহণ করেন এবং হিমাচল প্রদেশে ক্ষেত্রশিক্ষণের বিষয়ে স্লাইড দেখিয়ে বক্তৃতা দেন।

স্থানাভাব ও লোকাভাব ভূগোল বিভাগের মুখ্য সমস্যা। ল্যাবরেটরীতে আরও আধুনিক যন্ত্রপাতির প্রয়োজন, প্রয়োজন পুরোনো যন্ত্রপাতি সংস্কারের, নতুন বই-এর এবং উপযুক্ত গবেষণাকক্ষ, শ্রেণীকক্ষ, গ্রন্থাগারকক্ষ ও একটি স্টোররুমের। হাজার হাজার বই, জার্নাল, অ্যাটলাস, টোপোশিট ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণের এবং দেওয়া নেওয়ার জন্য প্রয়োজন একজন সহকারী গ্রন্থাগারিকের; প্রয়োজন একজন স্টেনো-টাইপিস্টের যিনি ডুপ্লিকেটর মেশিন, অ্যামোনিয়া প্রিন্ট ও জেরক্স মেশিন চালাতে পারেন। লোকাভাবে প্রাত্যাহিক মালপত্রের দেওয়া-নেওয়া এবং সেমিনার গ্রন্থাগারের কাজ বিভাগীয় প্রধানকেই করতে হচ্ছে। ডেমনস্ট্রেটারের পদটি বহু বছর ধরে শূন্য পড়ে আছে। অধ্যাপকের সংখ্যা না বাড়ালে দায়িত্বসহকারে স্নাতকোত্তর স্তরে পঠনপাঠন শুরু করা যাবে না। বিভিন্ন ক্ষেত্রে সরকারী অনুদানও অন্যান্য বিজ্ঞান বিভাগের সঙ্গে সমমাত্রায় বাড়াতে হবে।

## ভূতত্ত্ব বিভাগ

অধ্যাপক প্রদীপকুমার গঙ্গোপাধ্যায় গত ৩১ জুলাই অবসর গ্রহণ করেছেন এবং বিভাগীয় প্রধানের দায়িত্ব গ্রহণ করেছেন অধ্যাপক গৌরীশংকর ঘটক। অধ্যাপক গঙ্গোপাধ্যায় ভারত সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগাধীন একটি গবেষণা প্রকল্পে বিভাগের সঙ্গেই যুক্ত আছেন এবং শিক্ষণের সহায়তা করছেন।

অধ্যাপক অজিতকুমার সাহা এমেরিটাস অধ্যাপকরূপে বিভাগীয় কর্মধারার সঙ্গে যুক্ত আছেন। ডঃ মিহিরকুমার বসু কাউনসিল অফ সায়েন্টিফিক অ্যাণ্ড ইনডাস্ট্রিয়াল রিসার্চের প্রকল্পে এমেরিটাস বিজ্ঞানী হিসাবে গবেষণারত আছেন। ভারতীয় ভূতাত্ত্বিক সমীক্ষার প্রাক্তন ডিরেক্টর জেনারেল ডঃ দীপককুমার রায় একটি গবেষণা প্রকল্প নিয়ে বিভাগের সঙ্গে যুক্ত আছেন এবং প্রাক্তন ডেপুটি ডিরেক্টর জেনারেল শ্রীপতাকীরাম চন্দ্র একটি গবেষণা প্রকল্পের সঙ্গে যুক্ত হয়েছেন।

অধ্যাপক গৌরীশংকর ঘটক এ বছর ইউনেস্কোর (UNESCO) নিয়ন্ত্রণাধীন দুটি আন্তর্জাতিক বিজ্ঞান গবেষণা প্রকল্পের (347 ও 368) সদস্য মনোনীত হয়েছেন। এঁর একটি প্রকল্পে (347) এই বিভাগেরই ডঃ দীপংকর লাহিড়ী, ডঃ অনীশকুমার রায় ও শ্রী পতাকীরাম চন্দ্রও যুক্ত হয়েছেন। আগামী বছর ফেব্রুয়ারি মাসে ঢাকায় একটি আন্তর্জাতিক বিজ্ঞান সম্মেলনে যোগদানের জন্য এঁরা সকলেই আমন্ত্রিত হয়েছেন। অধ্যাপক ঘটক ইটালির সিয়েনা বিশ্ববিদ্যালয়ে এবং ভারতের অন্ধ্র বিশ্ববিদ্যালয়ে দুটি আন্তর্জাতিক বিজ্ঞান সম্মেলনে অংশগ্রহণের জন্য আমন্ত্রিত হন। শিবতোষ মুখার্জী বিজ্ঞান কেন্দ্রে আয়োজিত বক্তৃতামালায় তিনি আমন্ত্রিত বক্তা ছিলেন। তাঁর অধীনে পশ্চিমবঙ্গ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের একটি গবেষণা প্রকল্পে কাজ চলছে।

ভারত সরকারের বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যা বিভাগের বিভিন্ন গবেষণা প্রকল্প পরিচালনা করছেন অধ্যাপক ঘটক, অধ্যাপক গঙ্গোপাধ্যায়, শ্রী প্রদ্যোৎকুমার বন্দ্যোপাধ্যায়, শ্রী আনন্দ চক্রবর্তী এবং ডঃ শুভশংকর সরকার। ঐ সংস্থার আমন্ত্রণে এঁরা সকলেই গত ফেব্রুয়ারি মাসে ভুবনেশ্বরে অনুষ্ঠিত একটি গবেষণা-আলোচনা চক্রে অংশগ্রণ করেন। এছাড়া ইউ জি সি'র গবেষণা প্রকল্পে কাজ করছেন অধ্যাপক ঘটক, অধ্যাপক গঙ্গোপাধ্যায়, ডঃ দীপংকর লাহিড়ী, শ্রী দেবকুমার দাশগুপ্ত, শ্রী মলয়ভূষণ চক্রবর্তী, শ্রী প্রদ্যোৎকুমার বন্দ্যোপাধ্যায়, শ্রী আনন্দ চক্রবর্তী ডঃ সাগরলাল রায়, ডঃ শুভশংকর সরকার, শ্রী অরুণাভ বসু ও শ্রী অশোককুমার বন্দ্যোপাধ্যায়। ডঃ অনীশ কুমার রায় বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের

একটি যৌথ প্রকল্পে এবং বোস ইনস্টিটিউট ও সি এস এম ই-র সঙ্গে যৌথভাবে অপর একটি প্রকল্পে গবেষণা করছেন। শ্রী তারকেশ্বর মিত্র নিজস্ব প্রকল্পে গবেষণা করছেন।

ডঃ সাগরলাল রায় মাইনিং জিয়লজিকাল অ্যাণ্ড মেটালার্জিকাল সোসাইটির কাউন্সিল-সদস্য মনোনীত হয়েছেন। তিনি ইণ্ডিয়ান সোসাইটি অফ আর্থ সায়েন্সের একজন সম্পাদক, ইণ্ডিয়ান জিয়লজিকাল কংগ্রেসের পরিচালন কমিটির সদস্য এবং জিয়লিজিকাল অ্যাসেসিয়েশন অ্যাণ্ড রিসার্চ সেণ্টারের সম্পাদকমণ্ডলীর সদস্য। আর্সেনিক দূষণের উপর যাদবপুর বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত একটি আন্তর্জাতিক সেমিনারে তিনি অংশগ্রহণ করেন। ডঃ দীপংকর লাহিড়ী ভূবিজ্ঞানকোষ নামক ভূবিজ্ঞানের বিভিন্ন বিষয়ের উপর একটি সচিত্র কোষগ্রন্থ রচনা করেছেন। পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদের আমন্ত্রণে ডঃ অনীশকুমার রায় অমেরুদণ্ডী পুরাজীববিদ্যা শীর্ষক একটি পুস্তক রচনা করেছেন। বিদ্যালয়-ছাত্রদের জন্য রাজ্যস্তরে অনুষ্ঠিত একটি বিজ্ঞান সেমিনারে বিচারক হিসাবে অংশগ্রহণ করেন শ্রী আনন্দ চক্রবর্তী। ডঃ শুভশংকর সরকার জাপানের ওসাকায় অনুষ্ঠিত ম্যাথেমেটিকাল জিয়লজির বাৎসরিক সম্মেলনে আমন্ত্রিত হন।

এ বছর অধ্যাপক সন্তোষকুমার রায় স্মারক বক্তৃতা দিয়েছেন বিশিষ্ট বিজ্ঞানী ডঃ তপনকুমার রায়চৌধুরী। বিশ্ববিদ্যালয়ের সাম্মানিক স্তরের পরীক্ষাগুলিতে বিভাগের ছাত্রছাত্রীরা অন্যান্য বছরের মত এ বছরেও প্রশংসনীয় ফল করেছে। বিভিন্ন বর্ষের ছাত্রছাত্রীদের প্রশিক্ষণের জন্য দেশের বিভিন্ন অঞ্চলে নিয়ে যাওয়া হয়। ছাত্রছাত্রীদের দ্বারা পরিচালিত জিয়লজিকাল ইনস্টিটিউট সক্রিয়ভাবে কাজ করে চলেছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অর্থসাহায্যে ও পশ্চিববঙ্গ সরকারের সহায়তায় এই বিভাগে উন্নতমানের যে আধুনিক গবেষণাগারটি গড়ে উঠেছে তার কার্যপরিধি বর্তমানে আরো বিস্তৃত করা হচ্ছে।

## রসায়ন বিভাগ

এই বিভাগের কার্যাবলী বরাবরই কলকাতা তথা অন্যান্য বিশ্ববিদ্যালয় ও কলেজগুলির নিরিখে প্রশংসার দাবী রাখে। বর্তমানেও এই বিভাগের পঠন-পাঠন, গবেষণা ও পাঠক্রম-বহির্ভূত কর্মসূচী আগের মতই সন্তোষজনক। পরীক্ষার ফলও ভাল। এ বছর স্নাতক পর্যায়ে ১৬ জন ও স্নাতকোত্তর পর্যায়ে ১৫ জন প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছে। এই বিভাগ থেকে উত্তীর্ণ হয়ে সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষায় কৃতকার্যতার মাধ্যমে ৭ জন (মোট আসন ১৫টি) কানপুর আই. আই. টি. ও ১ জন (৪ জন কৃতকার্য) ব্যাঙ্গালোরের I.I.Sc-তে ভর্তি হয়েছে। বর্তমানে এই বিভাগের অধ্যাপকদের অধীনে গবেষণা-প্রকল্পে মোট গবেষকের সংখ্যা ১০।

এই বিভাগের অধ্যাপক ডঃ সঞ্জীব ঘোষ ৩১শে ডিসেম্বর ১৯৯৪ তারিখে কলকাতা বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগ-আয়োজিত জটীল লবণের রসায়ন (Co-ordination Chemistry)-এর জাতীয় আলোচনা চক্রে আমন্ত্রিত হয়ে "Emission Spectroscopy of crownether metal ion complexes—model system to study interaction of proteins with other molecules"-শীর্ষক বক্তৃতা দেন। উক্ত সভায় ডঃ মনোতোষ দাশগুপ্ত ঐ বিষয়ের সর্বভারতীয় পাঠ্যসূচী নির্ধারণের সম্মিলিত আলোচনায় অংশ নেন। ডঃ দাশগুপ্ত বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ (U.G.C.) কর্তৃক নিযুক্ত রসায়নের পাঠ্যসূচী নির্ধারণ কমিটির অন্যতম সদস্য হয়েছেন। অধ্যাপক ডঃ পরিমলকৃষ্ণ সেন ব্যাঙ্গালোরের

ইণ্ডিয়ান ইন্‌স্টিটিউট অব সায়েন্স কর্তৃক প্রকাশিত বিজ্ঞান-প্রকাশনা 'Resonance'-এর 'নির্বাচিত সংযোগ সম্পাদক' (Selected Correspondence Editor) নির্বাচিত হয়েছেন। ডঃ পার্থসারথি চক্রবর্তী গত ২রা জানুয়ারী ১৯৯৫ কলকাতার অরবিন্দ আশ্রমের (সেক্সপীয়র সরণী) প্রধান কেন্দ্রে "Popularisation of Science and Development of Scientific Attitude" সম্পর্কে বক্তৃতা দেন। ডঃ চক্রবর্তী ২৩শে নভেম্বর ব্রিটিশ কাউন্সিল-আয়োজিত Education Fair -এর আলোচনাচক্রেও অংশগ্রহণ করেন।

পণ্ডিচেরী অরবিন্দ আশ্রমের আশ্রমিক শ্রী এন. কে. মৈত্র তাঁর স্বর্গত পিতা-মাতার পূণ্যস্মৃতিতে প্রতি বছর অনুষ্ঠেয় দু'টি বক্তৃতার ব্যবস্থা করেছেন। বিভাগ আনন্দ ও কৃতজ্ঞতার সঙ্গে তাঁর প্রস্তাবে সম্মত হয়ে গত ১৯শে সেপ্টেম্বর ১৯৯৫ কুন্দবালা দেবী স্মৃতি বক্তৃতার আয়োজন করে। ঐ বক্তৃতা দেওয়ার জন্য আমন্ত্রিত হয়েছিলেন কলকাতা বিশ্ববিদ্যালয় বিজ্ঞান কলেজের রসায়নের অধ্যাপিকা ও পূর্বতন বিভাগীয় প্রধান ডঃ শ্রীমতী বাণী তলাপাত্র। তিনি "Some Enzyme-catalysed Reactions" বিষয়ে অত্যন্ত মনোগ্রাহী ও সর্বজনবোধ্য বক্তৃতা দেন। প্রথম আশুতোষ মৈত্র স্মৃতি বক্তৃতা দেন ইণ্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর কাল্টিভেশন অব সায়েন্স-এর অধ্যাপক ও ভৌত রসায়নের বিভাগীয় প্রধান, এই কলেজের প্রাক্তন ছাত্র ও অধ্যাপক ডঃ মিহির চৌধুরী ৭ই ডিসেম্বর ১৯৯৫। তাঁর বক্তৃতার বিষয় ছিল "On Thermodynamics"।

এছাড়া বিভাগের উদ্যোগে নিয়মিত সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বক্তৃতাবলীর বিষয়সমূহ পরিশিষ্টে সন্নিবিষ্ট হল। বিভাগীয় প্রাচীর পত্রিকা 'কিমিয়া' অধ্যাপক সঞ্জীব ঘোষের তত্ত্বাবধানে নিয়মিত প্রকাশিত হচ্ছে। এই পত্রিকার মাধ্যমে বিভিন্ন বর্ষের ছাত্ররা বিশ্লেষণীক্ষমতা, পর্যবেক্ষণ, ও তজ্জনিত সিদ্ধান্ত গ্রহণের মধ্য দিয়ে বুঝতে পারে যে রসায়ন সত্যই একটি বৈশ্লেষণিক বিজ্ঞান। এছাড়া এর মধ্য দিয়ে তাদের মধ্যে রসগ্রাহিতা ও রচনাশৈলীর উৎকর্ষ বিকাশের সুযোগ ঘটে।

গত ২২শে সেপ্টেম্বর ১৯৯৫ তারিখে সাম্মানিক দ্বিতীয় ও তৃতীয় বর্ষের এবং স্নাতকোত্তর দ্বিতীয় বর্ষের ছাত্ররা সমস্ত অধাপক ও কর্মীদের উপস্থিতিতে এক মনোজ্ঞ ও প্রাণবন্ত 'নবীনবরণ' অনুষ্ঠানে সাম্মানিক প্রথম বর্ষ ও স্নাতকোত্তর প্রথম বর্ষের নবাগত ছাত্রদের বরণ করে নেয়।

এই বিভাগের প্রধান ডঃ সঞ্জীব ঘোষের "A cryptand capable of functioning as a highly efficient molecular photonic OR operator based on photoinduced intromolecular electron transfer" শীর্ষক একটি গবেষণাপত্র অ্যামেরিকান কেমিক্যাল সোসাইটির বিশ্বখ্যাত প্রকাশনা JACS (Journal of American Chemical Society)-এ প্রকাশিত হবার জন্য গৃহীত হয়েছে। রসায়ন তথা বিজ্ঞান-গবেষণার ক্ষেত্রে এ এক অনন্য সম্মানরূপে স্বীকৃত। ডঃ ঘোষের এই স্বীকৃতি গবেষণার ক্ষেত্রে এই বিভাগ ও কলেজের অগ্রগণ্যতাই নতুন করে প্রমাণ করল।

রসায়নের সুখ্যাত অধ্যাপক এবং সংশ্লেষণিক জৈব রসায়নে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গবেষক, এই কলেজের প্রাক্তন অধ্যাপক (১৯৫৩-৫৭) ডঃ সুরেশচন্দ্র সেনগুপ্ত গত ৯ই ডিসেম্বর, ১৯৯৫ সকাল ৮টায় ৯৪ বছর বয়সে পরলোকগমন করেছেন। তিরিশের দশকের মধ্যবর্তী পর্যায়েই অধ্যাপক সেনগুপ্তের পাণ্ডিত্য, গবেষণা ও অধ্যাপনার খ্যাতি রসায়নবিদ মহলে ছড়িয়ে পড়েছিল। ১৯৫৭ সালে এই কলেজ থেকে অবসর নেবার পর তিনি রসায়নের বিভাগীয় প্রধানরূপে কলকাতার সিটি কলেজ ও বেলুড়ের রামকৃষ্ণ মিশন মহাবিদ্যালয়ে কাজ করেছেন। তাঁর প্রথম গবেষণার (বর্ধন-সেনগুপ্ত সংশ্লেষণ নামে

যা বিশ্বে আদৃত) হীরক জয়ন্তী উপলক্ষে লণ্ডনের রয়েল সোসাইটির 'ইষ্টার্ণ চ্যাপ্টার' ১৯৯৪ সালে তাঁকে সম্বর্ধিত করেন। কলকাতা বিশ্ববিদ্যালয় তাঁকে 'কৃতী শিক্ষক' নির্বাচিত করে সম্মানিত করেছেন। ১১ ই ডিসেম্বর, ১৯৯৫ বিকেল ৩টেয় বিভাগের প্রাক্তন অধ্যাপক প্রফুল্লকুমার দত্তের সভাপতিত্বে অনুষ্ঠিত এক শোকসভায় উপস্থিত অধ্যাপক, সেনগুপ্তের ছাত্র, সুহৃদ, সহকর্মী ও গুণমুগ্ধরা এবং বর্তমান ছাত্র, শিক্ষক ও শিক্ষাকর্মীরা তাঁর স্মৃতিচারণ করেন ও তাঁর স্মৃতির উদ্দেশ্যে গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

## রাশিবিজ্ঞান বিভাগ

আলোচ্য বর্ষে রাশিবিজ্ঞান বিভাগের স্নাতক স্তরের যে সব ছাত্র-ছাত্রী বি. এস. সি পার্ট-ওয়ান ও পার্ট-টু পরীক্ষায় বসেছিল তাদের ফলাফল বেশ সন্তোষজনক হয়েছে। মোট বারো জন ছাত্র-ছাত্রী ১৯৯৫ এর বি. এস. সি, পার্ট-টু পরীক্ষায় বসেছিল। তাদের মধ্যে ছয় জন প্রথম শ্রেণী ও বাকী ছয় জন দ্বিতীয় শ্রেণীর সম্মান-সহ পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। ১৯৯৫-এর বি. এস. সি, পার্ট-ওয়ান পরীক্ষায় বসেছিল সাম্মানিক স্তরের মোট ১৩ জন ছাত্র-ছাত্রী। তাদের মধ্যে ৫ জন প্রথম শ্রেণীর অনার্সের ও ৮ জন দ্বিতীয় শ্রেণীর অনার্সের নম্বর পেয়ে উত্তীর্ণ হয়েছে।

পূর্ববর্তী বছরের মতো এ বছরেও বিভাগের শিক্ষকেরা অধ্যাপনা ও নিজেদের গবেষণা-কর্ম ছাড়াও বিভিন্ন পেশাগত প্রতিষ্ঠানের কাজে যুক্ত থেকেছেন।

বিভাগীয় প্রধান প্রফেসর অতীন্দ্রমোহন গুণ মে মাসে ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অফ ডেভেলপমেন্ট স্টাডিজ-আয়োজিত "Decline of market capitalism and emerging forms of socialism" শীর্ষক দুই দিনের সেমিনারে যোগদান করেন এবং একটি অধিবেশন পরিচালনার দায়িত্ব পালন করেন। এছাড়া অক্টোবর মাসে তিনি রোটারী ক্লাব, ক্যালকাটা মিড-ওয়েস্ট-এর সদস্যদের সামনে "India's population problem" শীর্ষক বক্তৃতা দান করেন।

অধ্যাপক অতীন্দ্রমোহন গুণ ও ডঃ বিশ্বনাথ দাস পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ-কর্তৃক নিযুক্ত রাশিবিজ্ঞান পরিভাষা সংস্কার উপসমিতির সদস্য হিসেবে এবছর কাজ করেছেন।

ডঃ বিশ্বনাথ দাস আলোচ্য বছরেও ভারতীয় মানক সংস্থার বিভিন্ন কমিটি ও সাবকমিটির সঙ্গে যুক্ত থেকে এর কাজকর্মে নিয়মিত অংশগ্রহণ করেছেন। সারা দেশের ২৪টি কলেজের অন্যতম হিসাবে প্রেসিডেন্সী কলেজ যে 'ক্যাম্পাস ডাইভার্সিটি ইনিশিয়েটিভ' প্রকল্পটি রূপায়নের জন্য মনোনীত হয়েছে, ডঃ দাস এই কলেজের জন্য প্রকল্পটির যুগ্ম নির্দেশক হিসাবে কাজ করছেন। ১১ এবং ১৩ই জানুয়ারী ডঃ দাস ইছাপুর রাইফেল ফ্যাক্টরিতে আই. এস. ও ৯০০০ এর উপর দুটি আমন্ত্রিত বক্তৃতা দেন। ২১-২৩ সেপ্টেম্বর ইণ্ডিয়ান এ্যাসোসিয়েশন ফর প্রডাক্টিভিটি, কোয়ালিটি এ্যাণ্ড রিলায়েবিলিটি-কর্তৃক বোম্বাইয়ে আয়োজিত স্ট্যাটিসটিকাল প্রসেস কন্টোল বিষয়কএকটি কর্মশালাতে তিনি কয়েকটি অধিবেশন পরিচালনা করেন। এছাড়া তিনি ৯-১১ নভেম্বর কলকাতায় আয়োজিত ন্যাশনাল কনফারেন্স অন কোয়ালিটি এ্যাণ্ড রিলায়েবিলিটি-তে সক্রিয় অংশগ্রহণ এবং একটি টেকনিক্যাল সেশনে কো-অর্ডিনেটরের দায়িত্ব পালন করেন। ডঃ দাস আলোচ্য বছরেও Sankhya, CSA Bulletin IAPQR Transactions, Executive Sciences Institute Journal প্রভতি গবেষণাপত্রের সম্পাদনা কাজে নির্দেশক/ সংক্ষেপক হিসেবে সহায়তা করেছেন।

শ্রী তুষারকান্তি ঘড়া ডিসেম্বরের ১৯-২১ তারিখে আলিগড়ে অনুষ্ঠিত 'III International Symposium on Optimization and Statistics'-এ অংশগ্রহণ করেন এবং একটি গবেষণা প্রবন্ধ পাঠ করেন। এছাড়া ডিসেম্বরের ১১-১৬ তারিখে ইণ্ডিয়ান স্ট্যাটিস্‌টিকাল ইনস্টিটিউট, কলকাতা-আয়োজিত Winter School on Directional Data-এও তিনি অংশগ্রহণ করেন।

## রাষ্ট্রবিজ্ঞান বিভাগ

১৯৯৪-৯৫ শিক্ষাবর্ষে এই বিভাগের বি. এ পার্ট-টু পরীক্ষার ফল সন্তোষজনক। প্রথম শ্রেণীর অনার্স পেয়েছেন দুজন ছাত্রী। বি. এ পার্ট ওয়ান পরীক্ষার ফল তো খুবই ভালো। আট জন ছাত্রছাত্রী প্রথম শ্রেণীর অনার্সের নম্বর পেয়েছে।

রাষ্ট্রবিজ্ঞান বিভাগ 'নেতাজী সুভাষ ভবন'-নামাঙ্কিত নতুন বাড়িতে স্থানান্তরিত হয়েছে। এই বছরের ৭ই অগাস্ট থেকে 'নেতাজী সুভাষ ভবন'-এর দোতলায় বিভাগীয় অফিস-সংক্রান্ত কাজকর্ম ও ক্লাস শুরু হয়েছে।

দীর্ঘদিন বন্ধ থাকার পর বিভাগীয় সেমিনার লাইব্রেরীর কাজকর্ম আবার শুরু হয়েছে।

## শারীরবিদ্যা বিভাগ

এই বিভাগের ছাত্রছাত্রীদের ১৯৯৫-এর বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার ফল পূর্বেকার বছরগুলোর মতোই সন্তোষজনক। বি. এস. সি পার্ট-টু অনার্স পরীক্ষায় সর্বমোট ১৮ জন ছাত্রছাত্রীর মধ্যে ১৪ জন প্রথম শ্রেণীর অনার্স পেয়েছে এবং পার্ট ওয়ান পরীক্ষায় সর্ব মোট ১১ জন ছাত্রছাত্রীর মধ্যে ৭ জন প্রথম শ্রেণীর অনার্স-নম্বর পেয়েছে। স্নাতকোত্তর পর্যায়ে এম. এস. সি পার্ট ওয়ান পরীক্ষার ফলাফল এখনও প্রকাশিত হয়নি। তবে, পার্ট টু পরীক্ষায় সর্বমোট দশজনের মধ্যে দু'জন প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে।

এই বিভাগের তিনটি শূন্যপদে এখনো কোন শিক্ষক নিযুক্ত হন নি। স্নাতকোত্তর পর্যায়ে ১৯৯০-৯১ শিক্ষাবর্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের ব্যবহারিক পাঠ্যসূচীর কিছু কিছু পরিবর্তন এবং পরিবর্ধন করা হয়েছে। বর্তমান শিক্ষাবর্ষ থেকে (১৯৯৫-৯৬) স্নাতক পর্যায়েও নূতন পাঠ্যসূচীর প্রবর্তন হল। এতে তত্ত্বমূলক বিষয়গুলোর কিছু কিছুর যেমন সুশৃঙ্খল পুনর্বিন্যাস করা হয়েছে, তেমনি, ব্যবহারিক পাঠ্যসূচীতেও আমূল পরিবর্তন ঘটিয়ে ঢেলে সাজানো হয়েছে। কিছু কিছু ব্যবহারিক বিষয় পার্ট টু পাঠ্যসূচী থেকে সরিয়ে পার্ট ওয়ানে সংযোজিত করা হয়েছে। এতে আশা করা হচ্ছে ছাত্রছাত্রীরা উপকৃত হবে। যুগোপযোগী শিক্ষাপ্রসার এবং শিক্ষাপ্রদানের পরিপ্রেক্ষিতে এসব পরিবর্তন আনা হলেও, অপ্রতুল শিক্ষক সংখ্যার জন্য, এর কতটা সুষ্ঠুভাবে ছাত্রছাত্রীদের কাছে পৌঁছে দেওয়া সম্ভব হবে, তা অনিশ্চিত থেকেই যায়। এজন্য, শূন্যপদে শিক্ষক-নিয়োগ অত্যন্ত জরুরী হয়ে পড়েছে।

স্নাতকোত্তর পর্যায়ে ছাত্রছাত্রীদের শিক্ষামূলক ভ্রমণ কলকাতা বিশ্ববিদ্যালয়ের পাঠসূচীর অন্তর্ভুক্ত। সরকারের কাছ থেকে প্রতিবছর এজন্য প্রয়োজনীয় আর্থিক অনুদান জোগাড় করা এবং তজ্জনিত কারণে তাগিদ-তদ্বির করার মত উৎসাহ-উদ্দীপনা, লোকবল ও সময়ের অভাব সম্ভবতঃ স্নাতকোত্তর পর্যায়ের ছাত্র-ছাত্রীদের শিক্ষামূলক ভ্রমণের প্রধান অন্তরায়। বিশেষতঃ এ বিভাগে, যেখানে শিক্ষক সংখ্যা নিতান্তই অপ্রতুল। সরকারী কর্মপদ্ধতিতে পৌনঃপুনিক অনুদানের প্রস্তাব হয়তো গ্রহণযোগ্য

নয়, তাহলেও বলতে হয়, এ ধরনের কোন ব্যবস্থা না থাকলে ব্যবহারিক জ্ঞানলাভ থেকেও স্নাতকোত্তর পর্যায়ের ছাত্রছাত্রীরা সব-সময়ই বঞ্চিত থেকে যাবে। বিশ্ববিদ্যালয়-কর্তৃপক্ষ নব-প্রবর্তিত সাম্মানিক পাঠ্যসূচীতে ব্যবহারিক বিষয়গুলির মধ্যে শিক্ষামূলক ভ্রমণ বা ক্ষেত্র-সমীক্ষা (Field Study) আবশ্যিক বিষয় হিসেবে অন্তর্ভুক্ত করেছেন। বিলম্বে হলেও, শারীরবিদ্যা পঠন-পাঠনে ব্যবহারিক জ্ঞানের পরিধি বাড়াবার জন্য শিক্ষামূলক ভ্রমণ বা ক্ষেত্র-সমীক্ষার গুরুত্ব বিশ্ববিদ্যালয়-কর্তৃপক্ষ অনুধাবন করেছেন। এ ধরনের শিক্ষাপদ্ধতির গুণগত উৎকর্ষ অনস্বীকার্য। ক্ষেত্র-সমীক্ষা ছাত্রছাত্রীদের কর্মক্ষেত্রের পরিবেশ ও কার্যগত খুঁটিনাটি উপলব্ধি করার সুযোগ এনে দেয়। সাম্মানিক তৃতীয় বর্ষের ছাত্রছাত্রীরা অন্যান্য বছরের মতো, এ বছরেও, বিভাগীয় শিক্ষকদের তত্ত্বাবধানে ডিসেম্বরে (১৯৯৫) মধ্যভারতের বিশেষ কতকগুলো স্থানে ক্ষেত্র-সমীক্ষায় যাচ্ছে। যে বিশেষ ক'টি বিষয়ের ওপর এবছর সমীক্ষাগত গুরুত্ব আরোপ করা হয়েছে, সেগুলি হল—ইস্পাত-শিল্পে নিয়োজিত কর্মচারীদের শ্রমসম্বন্ধীয় পরিবেশ এবং তাদের শারীরিক সক্ষমতা বিষয়ে অনুসন্ধান, আরগোনমিক ও বৃত্তিসম্বন্ধীয় গবেষণাগার পরিদর্শন (যেখানে ইস্পাত শিল্পের শ্রমিকদের স্বাস্থ্য নিয়মিতভাবে পরীক্ষা করা হয়), জাতীয় পরিবেশ এবং যন্ত্রবিদ্যা-প্রতিষ্ঠান পরিদর্শন, উচ্চতর উচ্চতায় শারীরিক সক্ষমতা নির্ধারণ, আদিবাসীদের (বৃত্তি-নির্ভর) নৃতত্ত্বমূলক শারীরিক পরিমাপ ইত্যাদি। এ ধরনের ক্ষেত্র-সমীক্ষার ফলাফল-সম্বলিত একটি পূর্ণাঙ্গ বিবরণ, ব্যবহারিক পরীক্ষার অংশবিশেষ হিসেবে, প্রতি বছর ছাত্রছাত্রীরা বিশ্ববিদ্যালয়-পরীক্ষার সময় জমা দেয়।

বিভাগের সেমিনার-গ্রন্থাগার ও পাঠকক্ষের কাজ নিয়মিতভাবে চলছে। এ ব্যাপারে ভারপ্রাপ্ত অধ্যাপক শ্রী দেবাশীষ সেন তাঁর দায়িত্ব আন্তরিকভাবে পালন করে চলেছেন।

বিভাগীয় দেওয়াল-পত্রিকা 'প্রাচীরিকা'-র নিয়মিত প্রকাশনা ছাত্রছাত্রীদের উৎসাহ ও উদ্দীপনায় আগেকার বছরগুলির মতোই অব্যাহত রয়েছে।

গত ক'বছরে, এই বিভাগের বৈজ্ঞানিক পরীক্ষাগুলির বিভিন্ন ধরনের অসুবিধার কথা কর্তৃপক্ষের নজরে বহুবার আনা হয়েছে। অতি সম্প্রতি, এ. সি ইলেকট্রিক লাইনের সরবরাহ পাওয়ায় ছাত্রছাত্রীদের গবেষণাকার্যের ও পরীক্ষাগারভিত্তিক ব্যবহারিক কাজকর্মের দীর্ঘদিনের অন্তরায়গুলির একটি অপসারিত হল। জল এবং গ্যাস সরবরাহের অপ্রতুলতার সমস্যা এখনো থেকে গেল।

বিভাগীয় অধ্যাপক ডঃ পৃথ্বিন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুদানে গবেষণাকাজ অব্যাহত রেখেছেন। বর্তমানে তিনজন ছাত্রছাত্রী বিভাগীয় প্রধান অধ্যাপক ডঃ চন্দন মিত্রের তত্ত্বাবধানে গবেষণা করছেন। এদের অন্যতম, অধ্যাপক শ্রী দেবাশীষ সেনের 'শব্দদূষণের' কাজ বিশেষ উল্লেখযোগ্য।

শারীরবৃত্ত পরিষদের তত্ত্বাবধানে প্রাক্তন ও বর্তমান ছাত্রছাত্রীদের ২৮তম পুনর্মিলন উৎসব ডিসেম্বর মাসের ৯ ও ১০ তারিখ অনুষ্ঠিত হল। সভাপতি ও প্রধান অতিথি হিসেবে এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন যথাক্রমে অধ্যাপক ডঃ চণ্ডীচরণ দেব ও অধ্যাপক ডঃ সচ্চিদানন্দ বন্দ্যোপাধ্যায়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডঃ অমলকুমার মুখোপাধ্যায়। প্রাক্তন ও বর্তমান ছাত্রদের ঐকান্তিক প্রচেষ্টার এই অনুষ্ঠান সর্বাঙ্গীন সাফল্য লাভ করেছিল।

## সমাজতত্ত্ব বিভাগ

১৯৯৫ সাল সমাজতত্ত্ব বিভাগের সংক্ষিপ্ত জীবনে একটি গুরুত্বপূর্ণ বছর। ২৮শে জুলাই 'নেতাজী সুভাষ ভবন'-নামাঙ্কিত নতুন বাড়ির দোতলায় এই বিভাগের ক্লাস শুরু হল। ১৯৮৯ সালে সমাজতত্ত্ব

বিভাগের ক্লাস শুরু হয় সাময়িকভাবে ডিরোজিও ভবনের দোতলায় চাতালের দুটো ঘরে। ছ বছর বাদে বিভাগের স্থায়ী বাসস্থান হল। এ বছরই শুরু হল সেমিনার লাইব্রেরী।

বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় বিভাগের ছাত্রছাত্রীদের সুফলের ধারা অব্যাহত রয়েছে। বি. এ. পার্ট ওয়ান পরীক্ষায় ছ'জন প্রথম শ্রেণীর অনার্সের নম্বর পেয়েছে। পার্ট টু পরীক্ষায় সাত জন প্রথম শ্রেণীর অনার্স পেয়েছে। অন্য ছাত্রছাত্রীদের ফলাফলও উচ্চমানের।

বিভাগের শিক্ষক-শিক্ষিকার কোন পরিবর্তন হয় নি। বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানের অনেক কৃতী অধ্যাপক-অধ্যাপিকা এই বিভাগের ছাত্রছাত্রীদের পড়িয়ে যান। তাঁদের প্রতি বিভাগ কৃতজ্ঞ।

অধ্যাপক প্রশান্ত রায় এ্যাডমিনিস্ট্রেটিভ ট্রেনিং ইনস্টিটিউটে Sociology of Poverty ও Weaker Sections : Themes & Issues-বিষয়ে দুটি আলোচনাচক্রে অংশগ্রহণ করেন। একই প্রতিষ্ঠানের Juvenile Delinquency-বিষয়ক অপর এক আলোচনাচক্রে ভাষণ দেন অধ্যাপিকা শম্পা দত্তগুপ্ত। ইউ এন ইউথ অর্গানাইজেসন ও যাদবপুর বিশ্ববিদ্যালয়ের যৌথ দায়িত্বে আয়োজিত ইভলিউশন অফ্ ডাইভার্স কালচারস্ শীর্ষক আলোচনায় যোগদান করেন অধ্যাপক প্রশান্ত রায়।

## হিন্দী বিভাগ

হিন্দী বিভাগের বিশ্ববিদ্যালয়-পরীক্ষার ফল এবার ভালো। বি. এ. পার্ট ওয়ান পরীক্ষায় ৫ জন প্রথম শ্রেণীর অনার্স-নম্বর পেয়েছে! বি. এ. পার্ট টু অনার্স পরীক্ষায় ১ জন প্রথম শ্রেণীর অনার্স পেয়েছে। কলকাতা বিশ্ববিদ্যালয় প্রেসিডেন্সি কলেজকে আগামী শিক্ষাবর্ষে ফাংশনাল হিন্দীতে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স চালু করার জন্য আপাতত শর্তসাপেক্ষে অনুমোদন দিয়েছে। রাজ্য সরকার এর জন্য উপযোগী শিক্ষকপদ অনুমোদন করবে এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন নিয়মানুযায়ী আর্থিক সহায়তা এবং পরিকাঠামোগত ব্যবস্থা যোগাবে, এটাই প্রত্যাশা। কালক্রমে ফাংশনাল হিন্দী শিক্ষণব্যবস্থা একটি স্বতন্ত্র বিভাগে পরিণত হবে এমনটাই প্রস্তাবিত। হিন্দী বিভাগ ক্রমাগত কলকাতা বিশ্ববিদ্যালয়ের কাছে প্রস্তাব দিয়ে চলেছে যে প্রেসিডেন্সি কলেজের অধিকাংশ বিভাগের মতোই হিন্দী বিভাগের জন্যও এই কলেজের মধ্য দিয়ে হিন্দী এম. এ.-তে ভর্তির ক্ষেত্রে একই অনুপাতে আসন সংরক্ষণ করা হোক। তার ফলে কনস্টিটিউয়েন্ট কলেজের বিশেষ মর্যাদা-অনুযায়ী মানের একটা সমতা রক্ষিত হতে পারবে।

## গ্রন্থাগার

বিশিষ্ট গ্রন্থাগার-বিজ্ঞানী ডঃ শিয়ালিরামামৃত রঙ্গনাথন-এর গ্রন্থাগার বিজ্ঞানের পঞ্চ সূত্রের একটিতে বলা হয়েছে Library is a growing organism। গ্রন্থাগারের ধর্মানুযায়ী গ্রন্থাগারতিনটিতে গ্রন্থসংখ্যাও বেড়ে চলেছে। সরকারী অনুদান এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মঞ্জুরী বৃদ্ধির ফলেই গ্রন্থাগারের বিস্তারলাভ ঘটে চলেছে। ১৯৯৪-৯৫ আর্থিক বৎসরে আর্টস, সায়েন্স ও ইকনমিক্স ও পলিটিক্যাল সায়েন্স গ্রন্থাগারে মোট ৩৮৯৫ সংখ্যক পুস্তক কেনা সম্ভব হয়েছে। দুটি গ্রন্থাগারে পত্রিকার সংখ্যা ছিল ৭৯। দান হিসেবে বইয়ের সংখ্যা হল ৩৫৪।

১৯৯৪-৯৫-এ ছাত্র, শিক্ষক, গবেষক এবং অন্যান্য কর্মচারী কর্তৃক ব্যবহৃত হয়েছিল ১,৬৫,৯০০ খানা বই। এর মধ্যে বাড়িতে ব্যবহারের জন্য দেওয়া হয়েছিল ১,৫৫,৪৮০ বই। বিভিন্ন বিভাগীয় সেমিনারে দেওয়া হয়েছিল ১০৬৯ খানা বই।

গ্রন্থসম্ভার ক্রমশই বেড়ে চলেছে, কিন্তু সংরক্ষণের কোন ব্যবস্থা নেই। গ্রন্থাগারে বহুকাল-সঞ্চিত অমূল্য গ্রন্থরাজি ও পত্রিকাদি রক্ষা করতে গেলে অবিলম্বে ঝাড়-পোঁছ ইত্যাদি করার জন্য দুজন ফরাস নিয়োগ করা একান্ত প্রয়োজন।

গ্রন্থাগারতিনটিতে সংগৃহীত পুস্তকের সূচীকরণের কাজ স্বল্পসংখ্যক কর্মী দিয়েই করা হচ্ছে। স্বাভাবিক কারণেই অসূচীকৃত বই-এর সংখ্যা বাড়ছে। তবে সূচীকরণ প্রক্রিয়ার সঙ্গে যুক্ত কর্মীদের আন্তরিক প্রয়াস প্রশংসার দাবী রাখে।

হিন্দী বিভাগে ছাত্রসংখ্যা বাড়ছে। কিন্তু গ্রন্থাগার-কর্মী বাড়ানো হয়নি। একজন গ্রন্থাগারিক কাজ করে চলেছেন। হিন্দীভাষী একজন সহকারী এই বিভাগে দেওয়া প্রয়োজন।

সংস্কৃত কলেজ থেকে শ্রীমতী জল্পনা গঙ্গোপাধ্যায় প্রধান গ্রন্থাগারিক হিসেবে যোগদান করেছেন। চন্দননগর থেকে এসেছেন গ্রন্থাগারিক শ্রীবিমলচন্দ্র খাটুয়া।

উদ্ভিদবিদ্যা বিভাগ থেকে বদলি হয়ে কলা বিভাগে এসেছেন শ্রীমোহম্মদ ইশাহাক।

বর্তমানে গ্রন্থাগারে ২টি গ্রন্থাগারিকের পদ শূন্য। চতুর্থ শ্রেণীর শূন্য কর্মী পদের সংখ্যা ১টি।

গ্রন্থাগারে শূন্য পদগুলি পূরণ না হলে গ্রন্থাগার-পরিষেবা ভেঙ্গে পড়বে একথা অনস্বীকার্য।

গ্রন্থাগার-এর প্রতিবেদনে পরিষেবার বিবরণ-এর সঙ্গে কিছু সমস্যাও উল্লিখিত হয়েছে। সমস্যাগুলির নিরসনে যে ব্যবস্থাগুলি নেওয়া প্রয়োজন তা হল :

(ক) গ্রন্থাগারিক ও গ্রন্থাগার-কর্মীদের শূন্য পদগুলি জরুরী ভিত্তিতে পূরণ করা দরকার।

(খ) পুস্তক সংরক্ষণের স্বার্থে প্রস্তাবিত 'ফরাস' এর পদ সৃষ্টি ক'রে তা পূরণ করা প্রয়োজন।

(গ) চতুর্থ শ্রেণীর কর্মীদের কাজের ধরন, আবশ্যকীয় দক্ষতা, শ্রম এবং দায়িত্ব বিবেচনা করে উচ্চতর বেতন বা ভাতার সুপারিশ কার্যকর করা উচিত। কলেজে অনুষ্ঠিত পরীক্ষাসমূহে গ্রন্থাগার-কর্মীদেরও পর্যায়ক্রমে অংশগ্রহণের ব্যবস্থা রাখা হলে এই শ্রেণীর গ্রন্থাগার-কর্মীদের আর্থিক বঞ্চনাজনিত ক্ষোভের অবসান হয়।

(ঘ) হিন্দী বিভাগের জন্য একজন চতুর্থ শ্রেণীর কর্মী দেওয়া আবশ্যক।

## ক্রীড়া বিভাগ

অন্যান্য বছরের মত এবারও ক্রীড়া বিভাগের বাৎসরিক কর্মকাণ্ড ছিল ঘটনাবহুল এবং আকর্ষক। ১৯৯৫ সালের কর্মকাণ্ড শুরু হয় বিগত বছরের নভেম্বর মাসের শেষ থেকে।

কলকাতা বিশ্ববিদ্যালয়-পরিচালিত আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতায় অংশ নেয় আমাদের কলেজ। মহিলা বিভাগের ১০০ মিটার হার্ডলস্ রেস প্রতিযোগিতায় আমাদের কলেজের ইতিহাস বিভাগের ছাত্রী সংযুক্তা ঘোষ দ্বিতীয় স্থান অধিকার ক'রে রৌপ্য পদক বিজয়িনী হয়।

জানুয়ারি '৯৫তে অনুষ্ঠিত হয় আমাদের ঐতিহ্যমণ্ডিত ক্রিকেট উৎসব। প্রাক্তনীদের উপস্থিতিতে কলেজের ক্রিকেট মাঠ হয়ে ওঠে এক মিলন-তীর্থ। এই প্রতিযোগিতা প্রতি বছরই অনুষ্ঠিত হয় বর্তমান ও প্রাক্তন ছাত্রদের মধ্যে।

এবছর বিশেষ আকর্ষণ ছিল স্পোর্টস সেমিনার। এই ক্রীড়া-বিষয়ক আলোচনা কলেজের ক্রীড়া বিভাগকে এক নতুন মাত্রা এনে দিয়েছে। এই আলোচনাচক্রে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ

ডঃ অমলকুমার মুখোপাধ্যায়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজ্য ক্রীড়া ও যুবকল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী সুভাষ চক্রবর্তী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহ শিক্ষা-অধিকর্তা (শারীর শিক্ষা) শ্রীতপনমোহন চক্রবর্তী। বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় ফুটবল-প্রশিক্ষক শ্রী প্রদীপ ব্যানার্জী, স্টেট্সম্যান পত্রিকার ক্রীড়া-সাংবাদিক এবং সমালোচক, শ্রী কিশোর ভিমানি, আনন্দবাজার পত্রিকার ক্রীড়া-সাংবাদিক এবং সমালোচক, শ্রী রূপক সাহা, প্রখ্যাত ক্রিকেটার শ্রীঅম্বর রায়, জাতীয় অ্যাথেলেটিক্স-প্রশিক্ষক শ্রী কুন্তল রায়, আমাদের কলেজের শারীরবিদ্যা বিভাগের প্রধান ডঃ চন্দন মিত্র। সমগ্র আলোচনার গ্রন্থনায় ছিলেন কল্যাণী বিশ্ববিদ্যালয়ের শারীরশিক্ষা বিভাগের অধ্যাপক ডঃ অলোক ব্যানার্জী।

এবারের বার্ষিক ক্রীড়া-প্রতিযোগিতা ছিল বিশেষ জাঁকজমকপূর্ণ। আগেরবারের তুলনায় এবারে অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীর সংখ্যা ছিল বেশি। সবচেয়ে মনোজ্ঞ বিষয়টি ছিল ছাত্র-শিক্ষকদের দড়ি টানাটানি। এই অনুষ্ঠানে পৌরোহিত্য করেন কলেজের অধ্যক্ষ ডঃ অমলকুমার মুখোপাধ্যায় এবং প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মাননীয় শিক্ষা-অধিকর্তা ডঃ পীযূষ গাঙ্গুলী। এই প্রতিযোগিতায় মহিলাদের বিভাগে মোট ৩৩ পয়েন্ট পেয়ে শ্রেষ্ঠ ক্রীড়াবিদ নির্বাচিত হয় ইতিহাস বিভাগের সংযুক্তা ঘোষ। পুরুষ বিভাগে মোট ১১ পয়েন্ট পেয়ে যুগ্ম শ্রেষ্ঠ ক্রীড়াবিদ মনোনীত হয় শ্রী অরূপ বিশ্বাস, ১ম বর্ষ, এম. এস. সি. পদার্থবিদ্যা ও শ্রী বুদ্ধদেব জানা ৩য় বর্ষ বি. এস. সি., গণিত বিভাগ।

ফেব্রুয়ারি মাসে বিধাননগর স্টেডিয়ামে অনুষ্ঠিত আন্তঃসরকারী কলেজ ক্রীড়া প্রতিযোগিতায় আমাদের কলেজ অংশগ্রহণ করে। সেখানে, আমাদের ইতিহাস বিভাগের ছাত্রী সংযুক্তা ঘোষ মহিলাদের লৌহ বল নিক্ষেপে দ্বিতীয় স্থান অধিকার ক'রে রৌপ্যপদক বিজয়িনী হয়। ফুটবল প্রতিযোগিতায় আমাদের ছাত্ররা বিধাননগর সরকারী কলেজকে ২-১ গোলে পরাজিত করে। পরবর্তী খেলায় কৃষ্ণনগর সরকারী কলেজের কাছে আমাদের ছাত্ররা ১-৪ গোলে পরাস্ত হয়।

গত জুলাই-অগাষ্ট মাসে আমাদের আন্তঃবিভাগীয় ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এই প্রতিযোগিতায় বিভাগগুলিকে মোট চারটি দলে ভাগ করা হয় ঃ 'রেড', 'ব্লু', 'ইয়োলো' এবং 'গ্রীণ'। বিজয়ী হয় 'ব্লু' দল। এই দলে ছিল রসায়ন, রাষ্ট্রবিজ্ঞান, বাংলা এবং হিন্দী বিভাগ। বিজিত 'ইয়োলো' দলে ছিল প্রাণিবিদ্যা, অর্থনীতি এবং ভূগোল বিভাগ। এই প্রতিযোগিতায় শ্রেষ্ঠ খেলোয়াড়ের সম্মান লাভ করে ৩য় বর্ষ রসায়ন বিভাগের ছাত্র শ্রী অর্ণব চৌধুরী।

আন্তঃবিভাগীয় একক মহিলা টেবিল টেনিস প্রতিযোগিতা সেপ্টেম্বর মাসে অনুষ্ঠিত হয়। এই প্রতিযোগিতায় বিজয়িনী —৩য় বর্ষ দর্শনের ছাত্রী জয়িতা সেনগুপ্ত; বিজিতা—২য় বর্ষ অর্থনীতির ছাত্রী নমিতা রেধু।

কলকাতা বিশ্ববিদ্যালয়-পরিচালিত আন্তঃকলেজ ফুটবল প্রতিযোগিতায় আমাদের কলেজ অংশ নেয়। কৃষ্ণনগর সরকারী কলেজের সঙ্গে প্রথম খেলায় আমরা ওয়াকওভার পাই। দ্বিতীয় খেলায় নবগ্রাম হীরালাল পাল কলেজ (হুগলী)-এর কাছে আমরা ১-৪ গোলে হেরে যাই।

কলকাতা বিশ্ববিদ্যালয়ের আন্তঃকলেজ পুরুষ-মহিলা টেবিল টেনিস প্রতিযোগিতায় আমাদের কলেজের ছাত্রছাত্রীরা অংশ নেয়। ছাত্ররা প্রথম খেলায় আশুতোষ কলেজের কাছে হেরে যায়। ছাত্রীরা চূড়ান্ত খেলায় হেরম্বচন্দ্র কলেজের কাছে হেরে গিয়ে দ্বিতীয় স্থান অধিকার ক'রে রৌপ্যপদক বিজয়িনী হয়।

## ইডেন হিন্দু হোস্টেল

শান্তি-অশান্তির আলো-অন্ধকারের মধ্যে দিয়ে কেটে গেল আরও একটি বছর। ১৮৮৬ সালে উত্তরদিকের অংশ নিয়ে হিন্দু হোস্টেলের শুরু। তখনকার হিন্দু হোস্টেল উত্তরদিকের দোতলা বাড়ি। ১৯৯৫ সালে পূর্বদিকে তিনতলা বাড়ি নির্মাণ হল। দীর্ঘ একশো বছর পর আবার সংযোজিত হল, নতুন চারতলা আবাসিক ভবন। শুরু হয়েছিল ১৯৮৯ সালে সেপ্টেম্বর মাসে আর শেষ হ'ল ১৯৯৫ সালের মে-জুন মাসে। এই নতুন আবাসিক ভবন শুধু দ্বারোদঘাটনের অপেক্ষায়। এই নতুন ভবনে ১নং এবং ২ নং ওয়ার্ডের আবাসিকদের স্থানান্তরিত করা হবে। আসবাবপত্রের অভাবে তিনতলা এখন খালি রাখা হবে। উচ্চশিক্ষা বিভাগ যে সামান্য কিছু টাকা দিয়েছে তাতে নতুন ভবনের সকল ব্যবস্থা সম্পূর্ণ করা অসম্ভব। আশা আছে ১৯৯৬ -এর মধ্যে আরো কিছু অনুদান পেলে আবাসিকদের অনেকদিনের আশা-আকাঙক্ষা পূরণ করা সম্ভব হবে।

সুদীর্ঘকালের গৌরবময় ঐতিহ্য নিয়েই এগিয়ে চলেছে হোস্টেল। এখানকার পড়াশুনার পরিবেশ সন্তোষজনক। এখানে খেলাধূলার পরিবেশ ফিরে এসেছে আরো বেশী করে। ছাত্রদের টেক্স্ট-বুক-গ্রন্থাগারের কলেবর বৃদ্ধি পাচ্ছে। বিভিন্ন কারণবশতঃ চাহিদামতো সমস্ত বই সবসময় কেনা সম্ভব নয়। অধ্যক্ষ অমলকুমার মুখোপাধ্যায় ছাত্রদের অবেদনে সাড়া দিয়ে কিছু অনুদান মঞ্জুর করেছেন। আশা করা যায় অদূর ভবিষ্যতে আরো কিছু অনুদান পাওয়া যাবে। এরই সঙ্গে ধন্যবাদ জানাই পূর্ত দপ্তরের সিভিল এবং বৈদ্যুতিক বিভাগকে। তাদের কাছ থেকে প্রয়োজনীয় সাহায্য সবসময়ই পাওয়া গেছে।

বর্তমানে এই ছাত্রাবাসে শ্রী বরুণকুমার চট্টোপাধ্যায় সুপারিনটেনডেণ্ট হিসেবে কাজ করছেন। শ্রী নিখিলরঞ্জন প্রামাণিক সহ-অধীক্ষক হিসেবে কাজ করছেন। শ্রী শম্ভুনাথ ভট্টাচার্য মহাশয় সহ-অধীক্ষক হিসেবে নতুন কাজে যোগ দিয়েছেন।

## কলেজ অফিস

কলেজ অফিসের বিশ্বস্ত ও দক্ষ কর্মীগণ, শ্রীনারায়ণচন্দ্র দে, শ্রী সতীশচন্দ্র পাত্র, শ্রী নিখিলচন্দ্র গাঙ্গুলী, শ্রী বোষ্টম খুঁটিয়া এবং শ্রীমতী চন্দ্রমণি হেলা আলোচ্য বৎসরে কর্মজীবন থেকে অবসর গ্রহণ করেছেন।

শ্রী সুনীলচন্দ্র রায় পদোন্নতির ফলে শ্রী নারায়ণচন্দ্র দের স্থলে উচ্চ বিভাগীয় করনিক হিসাবে কলেজের সেকেণ্ড ক্লার্ক পদে এবং শ্রীমতী সরস্বতী ঘোষ নিম্নবিভাগীয় করনিক হতে উন্নীত হয়ে উচ্চ-বিভাগীয় করনিক পদে এই বৎসরে যোগদান করেছেন।

কলেজের সহকারী কর্মী রাজকুমার প্রসাদ কর্মরত অবস্থায় প্রয়াণ করেছেন।

## প্রেসিডেন্সি কলেজ-কর্মী সাংস্কৃতিক সংস্থা

১৯৯৫ -এর সারাটা বছর ধরেই প্রেসিডেন্সি কলেজ-কর্মী সাংস্কৃতিক সংস্থার রজত জয়ন্তী বৎসর উদ্‌যাপন করা হচ্ছে বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে। ৪ঠা আগস্ট এই উদ্‌যাপন শুরু হয় রক্তদান শিবির

দিয়ে। ৯ই সেপ্টেম্বর তাস-দাবা-ক্যারম প্রতিযোগিতার সূচনা হয়। ২০শে সেপ্টেম্বর বিদ্যাসাগর দিবসে অতীত দিনের শিক্ষক-শিক্ষাকর্মীদের ৪০জনকে এবং প্রাক্তন অধ্যক্ষ ও প্রশাসক হিসেবে দুজনকে সম্মান জানানো হয়। একই সঙ্গে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ আমাদের কলেজ-কর্মীদের ছেলেমেয়েদের ৯ জনকে সাম্মানিক পুরস্কার প্রদান করা হয়। ২২শে সেপ্টেম্বর 'ফুটবল শুধু ফুটবল' খেলার আয়োজন করা হয়। ৩রা নভেম্বর সমস্ত শিক্ষক-শিক্ষাকর্মীদের নিয়ে শারদ বিজয়া-উৎসব উদ্‌যাপিত হয় এবং সেই সঙ্গে বিশ্রুত সঙ্গীত-শিল্পী রামকুমার চট্টোপাধ্যায়কে সম্বর্ধনা জানানো হয়। ২০শে ডিসেম্বর 'ড্রাগের নেশা—সর্বনাশা' বিষয়ে সেমিনার সংগঠিত হয়।

৬ই জানুয়ারি আমাদের ছেলেমেয়েদের নিয়ে বসে আঁকো, আবৃত্তি ও সঙ্গীত প্রতিযোগিতার আসর বসবে, তারই আয়োজন চলছে, যেমন আয়োজন চলছে ১৪ই ফ্রেব্রুয়ারি 'নেতাজী ও যুবসমাজ' শীর্ষক সেমিনারের। ২৮শে ফ্রেব্রুয়ারি মূল অনুষ্ঠানে যে নাটক মঞ্চস্থ হবে, তারও প্রস্তুতি চলছে।

এখানে বিশেষভাবেই উল্লেখ্য যে প্রায় সমস্ত অনুষ্ঠানেরই আমরা ইস্‌তিহার বের করেছি এবং আমাদের পুরোনো দিনের ছাত্রদের প্রতিটি অনুষ্ঠানেই উদ্বোধক হিসেবে সম্মানিত করেছি। আমরা মনস্থ করেছি, আমাদের সংস্থার রজত জয়ন্তী বৎসরে সমস্ত শ্রেণীর কর্মীকে স্মারক উপহার দেব।

# পরিশিষ্ট -১

## অছি-তহবিলের তালিকা

| ক্রমিক সংখ্যা | অছি তহবিলের নাম | অর্থের পরিমাণ |
|---|---|---|
| ১ | টি. এস. স্টার্লিং পুওর স্টুডেন্টস্ ফাণ্ড | ৩,৩০,৬০০ |
| ২. | নীরোদবরন বক্সী মেমোরিয়াল প্রাইজ ফাণ্ড | ৬,৫০০ |
| ৩. | প্রফুল্লচন্দ্র মেমোরিয়াল প্রাইজ ফাণ্ড | ৪,০০০ |
| ৪. | স্বপন দাস মেমোরিয়াল প্রাইজ ফাণ্ড | ১,০০০ |
| ৫. | বিজয় মেমোরিয়াল স্কলারশিপ ফাণ্ড | ১০,৯০০ |
| ৬. | প্রফেসর পি. সি. মহলানবিশ প্রাইজ ফাণ্ড | ৩,০০০ |
| ৭. | ধ্রুবদাস এ্যাথলেটিক ফাণ্ড | ১,৫০০ |
| ৯. | গঙ্গাধর দাস সর্দা স্কলারশিপ প্রাইজ ফাণ্ড | ২০,০০০ |
| ১০. | টি. এস. স্টালিং পুত্তর স্টুডেন্সস্ ফাণ্ড | ৬৩,৭০০ |
| ১১. | ডোনেশান ফ্রম স্যাডলার হল, ইউ. কে | ১১,০০০ |
| ১২. | কার্ত্তিকচন্দ্র মল্লিক মেমোরিয়াল মেডাল ফাণ্ড | ১,৩০০ |
| ১৩. | বি. সি. দাস. স্কলারশিপ ফাণ্ড | ১৮,৫০০ |
| ১৪. | চন্দ্রনাথ মৈত্র মেডাল ফাণ্ড | ৫০০ |
| ১৫. | প্রেসিডেন্সি কলেজ অ্যাসেম্বলি হল ফাণ্ড | ৩০০০ |
| ১৬. | আনক্লেমড্ ডিপোজিট মানি এনডাওমেন্ট ফাণ্ড | ১,৯০০ |

| ক্রমিক সংখ্যা | অছি তহবিলের নাম | অর্থের পরিমাণ |
|---|---|---|
| ১৭. | স্যার আশুতোষ মেমোরিয়াল প্রাইজ ফাণ্ড | ১,৭০০ |
| ১৮. | বানী বসু মেমোরিয়াল প্রাইজ ফাণ্ড | ১,৯০০ |
| ১৯. | কুরুভিল্লা জ্যাকেরিয়া মেমোরিয়াল প্রাইজ ফাণ্ড | ৪,৬০০ |
| ২০. | কুঞ্জবিহারী বসাক ট্রাস্ট ফাণ্ড | ২০০ |
| ২১. | নাগ মেমোরিয়াল ফাণ্ড | ৬০০ |
| ২২. | মহারাজা গোয়ালিয়র মেডাল এণ্ড প্রাইজ ফাণ্ড | ৯০০ |
| ২৩. | সিন্ধিয়া ডোনেশান টু প্রেসিডেন্সি কলেজ | ৩,৫০০ |
| ২৪. | আচার্য প্রফুল্লচন্দ্র রায় স্কলারশিপ ফাণ্ড | ১০,৩০০ |
| ২৫. | প্রেসিডেন্সি কলেজ গ্রাজুয়েট স্কলারশিপ ফাণ্ড | ১,৬১,০০০ |
| ২৬. | অরুণ সরকার মেমোরিয়াল প্রাইজ ফাণ্ড | ১০,৩০০ |
| ২৭. | অ্যাস্ট্রোনমিক্যাল সোসাইটি অব্ ইণ্ডিয়া ফাণ্ড | ১,০০০ |
| ২৮. | চন্দ্রনারায়ণ গোল্ড মেডাল ফাণ্ড | ১,৫০০ |
| ২৯. | বি. সি. লাহা ফ্রি স্টুডেন্টশিপ ফাণ্ড | ৮০০০ |
| ৩০. | গিরিশচন্দ্র দেব প্রাইজ ফাণ্ড | ৮০০ |
| ৩১. | এইচ্. সি. কালীরত্ন মেমোরিয়াল প্রইজ ফাণ্ড | ৪০০ |
| ৩২ | রায় বাহাদুর বি. সি. ঘোষ এনডাওমেন্ট ফাণ্ড | ২,০০০ |
| ৩৩. | চারুচন্দ্র ঘোষ মেমোরিয়াল প্রাইজ ফাণ্ড | ১,৫০০ |
| ৩৪. | কানিংহাম মেমোরিয়াল প্রাইজ ফাণ্ড | ২,৭০০ |
| ৩৫. | আচার্য প্রফুল্লচন্দ্র রায় মেমোরিয়াল প্রাইজ ফাণ্ড | ৪,৭০০ |
| ৩৬. | প্রিন্সিপ্যাল, প্রেসিডেন্সি কলেজ | ৪,২৫,০০০ |
| ৩৭. | এই. এন. বোস মেমোরিয়াল ফাণ্ড | ১,৫০০ |
| ৩৮. | সুদীপ সোম মেমোরিয়াল প্রাইজ ফাণ্ড | ১০,০০০ |
| ৩৯. | এস. সি মহলানবিশ মেমোরিয়াল প্রাইজ ফাণ্ড | ৫,০০০ |
| ৪০. | দেবাশিষ চন্দ্র মেমোরিয়াল ট্রাষ্ট ফাণ্ড | ৫,০০০ |
| ৪১. | রাজেন্দ্রকিশোর মেমোরিয়াল প্রাইজ ফাণ্ড | ২,০০০ |
| ৪২. | প্রোফেসর তারাপ্রসাদ মুখার্জী মেমোরিয়াল ফাণ্ড | ৫,০০০ |
| ৪৩. | প্রোফেসর তারাপদ মুখার্জী মেমোরিয়াল ফাণ্ড | ৫,০০০ |
| ৪৪. | প্রোফেসর প্রতুলচন্দ্র রক্ষিত ফাণ্ড | ১০,০০০ |
| ৪৫. | সোসিওলজি ফাউণ্ডেশন কম্‌মেমোরেশন ফাণ্ড | ৫,০০০ |
| ৪৬. | প্রোফেসর এস. সি বসু রায় চৌধুরী, মেমোরিয়াল ফাণ্ড | ৫,০০০ |
| ৪৭. | প্রোফেসর অচিন্ত্যকুমার মুখার্জী মেমোরিয়াল ফাণ্ড | ৪,০০০ |

| ক্রমিক সংখ্যা | অছি তহবিলের নাম | অর্থের পরিমাণ |
|---|---|---|
| ৪৮. | প্রোফেসর এন. বি. বসু মেমোরিয়াল ফাণ্ড | ৫,০০০ |
| ৪৯. | প্রোফেসর এস ব্যানার্জী মেমোরিয়াল ফাণ্ড | ৫,০০০ |
| ৫০. | অখিল ভারতীয় প্রগতিশীল সুলতানপুর সমাজ ফাণ্ড | ৫,০০০ |
| ৫১. | অরিজিৎ সেনগুপ্ত মেমোরিয়াল ফাণ্ড | ১২,০০০ |
| ৫২. | হিমানী দেবী মেমোরিয়াল ফাণ্ড | ২,৫০০ |
| ৫৩. | নেতাজী সুভাষচন্দ্র বোস ফাণ্ড | ২,৫০০ |
| ৫৪. | স্যার আশুতোষ মুখার্জী মেমোরিয়াল ফাণ্ড | ২,৫০০ |
| ৫৫. | ডঃ মেঘনাদ সাহা মেমোরিয়াল ফাণ্ড | ২,৫০০ |
| ৫৬. | নির্মলকান্তি মজুমদার মেমোরিয়াল ফাণ্ড | ১০,০০০ |
| ৫৭. | অরুণকুমার রায় মেমোরিয়াল ফাণ্ড | ২৫,০০০ |
| ৫৮. | প্রেফেসর কার্তিকচন্দ্র মুখার্জী মেমোরিয়াল ফাণ্ড | ১০,০০০ |
| ৫৯. | অপরাজিতা মেমোরিয়াল ফাণ্ড | ৫,০০০ |
| ৬০. | সুখময় চক্রবর্তী মেমোরিয়াল ফাণ্ড | ৪০,০০০ |
| ৬১. | ডঃ সতীনাথ বাগচী মেমোরিয়াল ফাণ্ড | ৫,০০০ |
| ৬২. | অধ্যাপক হরপ্রসাদ মিত্র মেমোরিয়াল ফাণ্ড | ৪,০০০ |
| | | ১৩,১১,৪৫০ |

# পরিশিষ্ট ২

## পুরস্কারপ্রাপ্ত ছাত্রছাত্রীদের তালিকা

### বি. এ/ বি. এস. সি পার্ট ওয়ান পরীক্ষা ১৯৯৫

| ক্রমিকসংখ্যা | ছাত্রছাত্রীর নাম | পুরস্কার ও পদকের নাম | বিশেষ বিবরণ |
|---|---|---|---|
| 1. | Sri Sankarprasad Debnath B. Sc. Roll no. 31 | Scindia Silver Medal Value Rs, 175/- and Gwaliorbooks Valued Rs. 45/- | First from the College Hons. in Pt. I Science Exam. 1995 |
| 2.a) | Sm. Soma Guha B.A. Roll- 11 | Scindia Silver Medal Valued Rs. 175/- and Gawalior books valued Rs, 45/- | First from the College Hons. in Part I Arts Exam. 1995 |

| ক্রমিকসংখ্যা ছাত্রছাত্রীর নাম | পুরস্কার ও পদকের নাম | বিশেষ বিবরণ |
|---|---|---|
| b) Sri Jitendra Kr Singh B.A. Roll-73 | (To be distributed equally) | |
| 3. Sri Sudhaswatta Das B.A. Roll 54 | Arun Sarkar Memorial Medal Valued Rs, 30/- Part I Arts Exam. | Highest Marks in Bengali Hons in 1995 |
| 3 (a) Sri Suddhaswata Das B.A. roll-54 | Haraprasad Mitra Memorial Book Prize Valued Rs. 400/- | Topper in Bengali Part I Hons Exam. Among the stu dents of the college |
| 4. No Student | Harish Chandra Kaviratna Prize Book Valued Rs. 40/- | Highest marks in Sanskrit Hons. in Pt.I Arts Exam. '95 |
| 5. Sm. Debjani Das B.Sc. Roll-7 | Chandranath Mitra Medal Valued Rs, 40/- | Highest marks in Geology Hons in Pt. I Science Exam. 1995 |
| 6. Sm. Samarpita Dey B.A. Roll No. 63 | Raibahadur Debendra Chandra Ghosh Prize Book valued Rs, 200/- | Highest marks in History Hons in Pt. I Arts Exam., '95 |
| 7. a)Sm. Susmita Gupta B. A. Roll - 108 | C.C. Ghosh memorial prize Book Valued Rs. 150/- | Highest marks in English Hons. in Part - I Arts Exam. '95. |
| b) Sm. Sumana Dey B. A. Roll - 115 | (To be distributed equally) | |
| 8. Sri Santanu Mandal B. Sc. Roll - 125 | College Prize Books valued Rs. 26/- | Highest marks in Geography Hons. in Pt. I Science Exam., '95. |
| 9. a)Sm. Lydia Ray B. Sc. Roll - 9 | P. C. Mahalanabis Prize Books valued Rs. 150/- | Highest Marks in Statistics Hons. in Pt. I Science Exam., among the students of the College. |
| b)Sm. Saonli Basu B. Sc.. Roll - 69 | (To be distributed equally) | |

| ক্রমিকসংখ্যা ছাত্রছাত্রীর নাম | পুরস্কার ও পদকের নাম | বিশেষ বিবরণ |
|---|---|---|
| 10. Sm. Suparna Ray Chaudhuri B. Sc. Roll - 65 | Kunja Behari Basak Medal valued Rs. 20/- | Highest marks in Practical Chemistry in Pt. I Science Exam.,1995 among the students of College. |
| 10(a). Sm. Sujata Ghosh B.Sc- Roll-56 | Dr. Satinath Bagchi Memorial Book Prize. Valued Rs. 400/- | Highest marks in Mathematics Hons. Part I Exam. among The students of the College. |
| 11. Sm. Suparna Raychoudhury B. Sc. Roll - 65 | Sudip Shome Memorial Book Prize valued Rs. 650/- donated by Dr. S. C. Shome | Highest marks in B. Sc. Part - I Hons Exam., '95 in Chemistry. |
| 12. Sm. Rupshi Mitra B. Sc. Roll - 131 | Prof. Sachidananda Banerjee Book Prize valued Rs.500/- | Highest marks in Physiology Hons. Part - I Exam., of Calcutta University among the students of the College. |
| 13. Sm. Rupshi Mitra B. Sc. Roll - 131 | Prof. Achinta Kr. Mukherjee Memorial Book Prize valued Rs. 400/- | Highest marks in (Theo. & Pract.) combined Physiology in B.Sc. Part - I Exam. of the Calcutta University among the students of this College. |
| 14. Sri Kaushik Basu B. A. Roll - 91 | Department of Sociology commemoration Prize Books valued Rs. 500/- donated by Prof. Prasanta Ray | Highest marks in Sociology Hons. in Part - I Exam. among the students of the College. |
| 15. Sm. Samarpita Dey B. A. Roll - 63 | Arijit Sengupta Memorial Scholarship Rs. 100/- p.m. donated by Smt. Dr Arati Ray | Highest marks in History Hons. in the B. A. Part - I Exam. among the students of the College. |

| ক্রমিকসংখ্যা ছাত্রছাত্রীর নাম | পুরস্কার ও পদকের নাম | বিশেষ বিবরণ |
|---|---|---|
| 16.a)Sm. Soma Guha<br>B. A. Roll - 11 | Akhil Bharatiya Pragatishil Sultanpur Samaz Cash Prize valued Rs. 250/- donated by M. P. Singh (President) | Highest marks in Hindi Hons. in B.A. Part - I Exam. among the students of the College. |
| b) Sri. Jitendra Kr Singh<br>B. A. Roll - 73 | (To be distributed equally). | |
| 17. a) Saonli Basu<br>B.Sc. Roll-69<br>b) Sm. Chandrima Bhar<br>B.A-Roll. 58 | Prof Arun Kr Ray Memorial Scholarship valued Rs. 1250/- donated by Sm. Rita Ray (To be distributed equally) | Securing highest marks in B. A. & B. Sc. Pt. I Test Exam. '95 among the students of the College. |
| 18. Sm. Monalisa Basu<br>B. A. Roll - 57 | Netaji SubhasChandra Bose Cash Prize Rs. 250/- donated by S. S. Basak. | Highest marks in B. A. Pol. Sc. Hons. Pt. I Exam., 1995 among the students of the College. |
| 18a). Sri Sankar Prasad Debnath<br>B.Sc. Roll 31 | Kartick Chandra Mukherjee Memorial Scholarship Valued Rs. 1000. | Highest marks in B.Sc. Part I Physics Hons. in C.U. among the students of the college. |

## বি. এ. / বি. এস. সি পার্ট ওয়ান ও পার্ট টু একত্রে ১৯৯৫

| | | |
|---|---|---|
| 19. Sm. Abantika Chakraborti<br>B. A. Roll - 79 | Nirodbaran Bakshi Memorial Prize Books valued Rs. 165/- | 1st from College in B. A. Hons. final examination 1994. |
| 20. Sm. Sinjini Mitra<br>B. Sc. Roll - 4 | Nirodbaran Bakshi Memorial Prize Books valued Rs. 165/- | 1st from the College in B. Sc. Hons. final Exam., 1994. |
| 21. Sri Arnab Mukherjee<br>B. Sc. Roll - 259 | J. C. Nag Memorial Medal valued Rs. 60/- | Highest marks in Botany Hons. in B. Sc. Exam. among the students of the College. |
| 22. Sm. Pramita Bhawmik<br>B. Sc. Roll - 140 | J. C. Sinha Economics Prize Books valued Rs. 15/- | Highest marks in Economics Hons in B. Sc. Exam. among the students of the College. |

| ক্রমিকসংখ্যা | ছাত্রছাত্রীর নাম | পুরস্কার ও পদকের নাম | বিশেষ বিবরণ |
|---|---|---|---|
| 23. | Sm. Abantika Chakraborti<br>B. A. Roll - 79 | Kartich Ch. Mallick Memorial Medal valued Rs. 130/- | Highest marks in Philosophy Hons in B. A. Exam. among the students of the College. |
| 24. | Sm. Sukanya Sarkar<br>B. A. Roll - 44 | Kuruvilla Zacharia Memorial Prize Books valued Rs. 460/- | Highest marks in History Hons in B. A. Exam. among the students of the College. |
| 25. | Sri Santanu Das<br>B. A. Roll - 87 | Prof Amal Bhattacharyya Prize Books valued Rs.450/- | Highest marks in English Hons in B. A. Exam among the students of the College. |
| 26. | a)Sm. Antara Chaudhuri<br>B. A. Roll - 71<br>b)Sm. Piyali Datta Chaudhuri<br>B. A. Roll - 69 | Bani Basu Memorial Prize Books valued Rs. 190/-<br>(To be distributed equally) | Highest marks in Bengali Hons. in B. A. Exam. among the two girl students of the College securing the top most position. |
| 27. | Sri Swastik Kar<br>B. Sc. Roll - 33 | Swapan Saha Memorial Prize Books valued Rs. 45/- | Highest marks in Physics Hons. in B. Sc. Exam., 1995. |
| 28. | Sm Antara Chaudhuri<br>B. A. Roll - 71 | Bibhuti Bhusan Bandyopadhyay Mimorial Prize Books valued Rs. 50/- donated by Dr. H. P Mitra. | Highest marks in Bengali Hons. in .B. A. Exam., 1994. |
| 29. | Sm. Prakriti Basak<br>B. Sc. Roll - 11 | Cunninghum Memorial Prize Books valued Rs. 120/- and Acharyya Prafulla Chandra Centenary Prize Books valued Rs. 470/- | Highest marks in Chemistry Hons in B. Sc. Exam., 1995 among the students of the College. |
| 30. | Sri Susanta Ghosh<br>M. Sc. 1st Yr. Roll | College Prize Books valued Rs. 26/- | Highest marks in Chemistry Hons. among the students admitted in the 1st Year M. Sc. class (1995 - 96). |

| ক্রমিকসংখ্যা | ছাত্রছাত্রীর নাম | পুরস্কার ও পদকের নাম | বিশেষ বিবরণ |
|---|---|---|---|
| 31. | Sm. Antara Chaudhuri B. A. Roll - 71 | Adhyapak Tarak Nath Sen Memorial Prize Books valued Rs. 50/- donated by Dr. H. P. Mitra. | Highest marks in Bengali Hons. in B. A. Exam., 1995. |
| 32. | Sm. Pramita Bhaumik B. Sc. Roll - 140 | U. N. Ghosal Prize Books valued Rs. 300/- | Highest marks in Economics Hons. among the students of this College in B. Sc. Part - I & II combined. |
| 33. | Sm. Sinjini Mitra B. Sc. Roll - 4 | P. C. Mahalanabis Prize Books valued Rs 150/- | Highest marks in Statistis. Hons. in B. Sc. Exam., among the students of the College. |
| 34. | Sri. Ranjan Das B. Sc. Roll - 41 | Ganendrabhusan Mukherjee Prize Books valued Rs. 100/- donated by Sri Anil Kr. Mukherjee | Highest marks in Mathematics Hons. among the students of the College. |
| 35. | Sri Arup Roy Chaudhuri B. Sc. Roll - 75 | Charusila Devi Cash Prize valued Rs. 75/- donated by Sri Santosh Kr. Chatterjee | 2nd in Mathematics securing any other prize or medal from the College. |
| 36. | Sm. Sruti Haralalka B. Sc. Roll - 108 | Prof. S. C. Mahalanabis Memorial Book Prize valued Rs. 500/- | 1st in B. Sc. Exam. in Physiology Hons. from this College. |
| 37. | Sm. Sruti Haralalka B. Sc. Roll - 108 | Prof. S. C. Mahalanabis Memorial Book Prize valued Rs. 500/- donated by Prof. Sachidananda Banerjee | Highest marks in Physiology Hons. from the College provided the candidate gets a 1st class in B. Sc. Exam. |
| 38. | Sm. Ananya Chatterjee B. A. Roll - 6 | Rajendrakishore Memorial Book Prize valued Rs. 240/- donated by late Dr. N. C. Basu Raychaudhuri | Highest combined mark in the University of Pol. Sc. Hons. in Part -I & Part - II Exam. 1995. |
| 39. | Sm. Sangita Das Gupta B. A. Roll - 17 | Akhil Bharatiya Pragatisil Sultanpur Samaj Cash Prize valued Rs. 250/- | Highest marks in Hindi Hons. in B.A. Pt. I & II combined among the students of the College. |

| ক্রমিকসংখ্যা ছাত্রছাত্রীর নাম | পুরস্কার ও পদকের নাম | বিশেষ বিবরণ |
|---|---|---|
| 40. Sri Santanu Das<br>B. A. Roll - 87 | Taraprasad Mukherjee Memorial Silver Medal valued Rs. 500/- | Highest agreegate in English Hons. at the B. A. Exam. among the student of this College. |
| 41. Sm. Manpreet Kaur Janaja<br>B. A. Roll - 100 | Nirmal Chandra Basu Ray Chaudhuri Memorial Book Prize valued Rs. 500/- | Highest marks in B. A. Sociology Part - I & II combined of the Calcutta University Exam. with at least 55% marks. |
| 42. Sm. Sukanya Sarkar<br>B. A. Roll - 44 | Himani Devi Memorial Book Prize valued Rs. 250/- | 1st position in the B. A. History Hons. Exam. of the Calcutta University among the students of the College. |
| 43. Sm. Antara Chaudhuri<br>B. A. Roll - 71 | Asutosh Mukherjee Memorial Cash Prize valued Rs. 250/- | Highest marks in Bengali Hons. in B. A. Exam. among the students of the College. |
| 44. Sri Ranjan Das<br>B. Sc. Roll - 41 | Dr. Megnad Saha Memorial Cash Prize valued Rs. 250/- | Highest marks in B. A. / B. Sc. Math Hons. among the students of the College. |
| 45. Sm. Prakriti Basak<br>B. Sc. Roll - 11 | Prof. Pratul Chandra Rakshit Book Prize valued Rs. 1000/- donated by Prof. P. K. Sen. | Highest marks in Chemistry Part - I & II combined at the B. Sc. Exam. of the Calcutta University among the students of the College. |
| 46. Sri Santanu Das<br>B. A. Roll - 87 | Prof. Tarapada Mukherjee Memorial Book Prize valued Rs. 500/- | 1st position in English Hons. in Calcutta University Exam. Pt. I & II combined among the students of the College. |

| ক্রমিকসংখ্যা ছাত্রছাত্রীর নাম | পুরস্কার ও পদকের নাম | বিশেষ বিবরণ |
|---|---|---|
| 47. Sri Saugata Ray<br>B. Sc. Roll - 239 | Aparajita Memorial Medal valued Rs. 400/- | Highest marks in Zoology Hons. in B. Sc. (Part - I & II combined of Calcutta University among the student of the College. |
| 48. Sri Ranjan Das<br>B.Sc. Roll-41 | Bibhuti Bhusan Sen Memorial Cash Prize Valued Rs. 800/- | Highest Marks in B.A/B.Sc. Math. among the students of the college |
| 49. Sm. Sinjini Mitra<br>B.Sc. Roll- 4 | Manaranjan Mitra Memorial Cash prize Valued Rs. 800/- | Highest Marks in B.Sc. Hons. (Except Math) among the students of the college. |

## এম. এ / এম. এস. সি পরীক্ষা ১৯৯৪

| | | |
|---|---|---|
| 50. Sri Subiman Ghosh<br>M. Sc. Roll-81 | Cunninghum Memorial Prize Books valued Rs. 150/- | Highest marks in Chemistry among the students of this College. |
| 51. Sm. Chandrakala Datta<br>M. A. Roll - 22 | Chandranarayan Silver Medal valued Rs. 150/- | Highest marks in History among the students of this College. |
| 52. Sm. Suparna Bhattacharyya<br>M. A. Roll - 15 | Prof. P. C. Ghosh Memorial Prize Books valued Rs. 345/- | Highest marks in English among the students of this college. |
| 53. Sri Surajit Ray<br>M. Sc. Roll - | Prof. Nârendra Mohan Basu Prize Books valued Rs. 500/- | Highest marks in Physiology in final M. Sc. Exam. (Pt. I & II combined among the students of the College provided he / she gets first class mark. |
| 54. Sm. Ipsita Datta<br>M. A. Roll - 12 | Jibanananda Das Prize Books valued Rs. 50/- donated by Dr. H. P. Mitra | Highest marks in Bengali among the students of the College. |

## এম. এস. সি পার্ট ওয়ান ১৯৯৪

| ক্রমিকসংখ্যা | ছাত্রছাত্রীর নাম | পুরস্কার ও পদকের নাম | বিশেষ বিবরণ |
|---|---|---|---|
| 55. | Sri Subhendu Das<br>M. Sc. Roll - | Gangadas Sarda Scholarship valued Rs. 1500/- donated by G. S. Sarda | 1st in M. Sc. Part - I Geology Exam. from this College. |
| 56. | Sm. Sramana Pramanik<br>M. Sc. Roll - | Gangadas Sarda Prize valued Rs. 500/- donated by Sri G.S.Sarda | 2nd in M. Sc. Part - I Geology Exam. from this College. |
